

ভেনিজুয়েলায় মাদুরোকে বিজয়ী ঘোষণা করে সুপ্রিম কোর্টের রায়

সারে-জমিন



সঞ্জয়ের ফাঁসি চেয়ে কোর্ট চত্বরে বিক্ষোভ

রূপসী বাংলা



দেশ গঠনে ছাত্র-ছাত্রীদের মতামত অপরিহার্য

সম্পাদকীয়



স্কুল আছে, শিক্ষক আছেন, অথচ নেই কোনও পড়ুয়া

সাধারণ


# আপনজন

APONZONE
Bengali Daily

ইনসাফের পক্ষে নির্ভীক কণ্ঠস্বর

শনিবার
২৪ আগস্ট, ২০২৪
৮ ভাদ্র ১৪৩১
১৮ সফর, ১৪৪৬ হিজরি
সম্পাদক
জাইদুল হক




ডুরান্ড কাপে পাঞ্জাবকে হারিয়ে সেমিফাইনালে উঠল মোহনবাগান

খেলতে খেলতে


Vol.: 19 ■ Issue: 229 ■ Daily APONZONE ■ 24 August 2024 ■ Saturday ■ Kolkata ■ RNI: WBBEN/2004/14450 ■ Price: Rs. 5.00 ■ Pages: 8 ■ www.aponzonepatrika.com/epaper.php ■ aponzone@gmail.com


### প্রথম নজর

## সন্দীপ ঘোষের ‘দুর্নীতি’র তদন্ত করবে সিবিআই




**আপনজন:** আরজি কর মেডিক্যাল কলেজ ও হাসপাতালের প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষের বিরুদ্ধে ওঠা দুর্নীতির অভিযোগের তদন্তের জন্য শুক্রবার কলকাতা হাইকোর্ট সিবিআইকে নির্দেশ দিয়েছে। বৃহস্পতিবার, সুপ্রিম কোর্ট যখন রাজ্য সরকারকে টানছিল, তখন কলকাতা হাইকোর্টের বিচারপতি রাজর্ষি ভরদ্বাজের বেঞ্চ প্রশ্ন তুলেছিল, মেডিক্যাল কলেজের ভিতরে ৩১ বছরের এক মহিলা চিকিৎসককে ধর্ষণ ও খুনের ঘটনায় কেন রাজ্য সরকার একটি বিশেষ তদন্তকারী দল (সিট) গঠন করল? সিসিটিভি ফুটেজ এবং চিকিৎসকের মৃতদেহের পাশে পাওয়া একটি ব্লুটুথ ডিভাইসের ফলে রায়কে গ্রেপ্তার করা হয়েছিল, যাকে কলেজের সেমিনার হলে প্রবেশ করতে দেখা গিয়েছিল যেখানে মৃতদেহ পাওয়া গিয়েছিল।

### পরীক্ষা চালাবেন দিল্লির সিএফএসএলের বিশেষজ্ঞরা

# সঞ্জয় রায়ের ১৪ দিনের জেল হেফাজত, হবে পলিগ্রাফ টেস্ট

সুব্রত রায় ● কলকাতা

**আপনজন:** আরজি কর মেডিক্যাল কলেজ ও হাসপাতালে শিক্ষানবিশ চিকিৎসককে ধর্ষণ ও খুনের ঘটনায় মূল অভিযুক্ত সঞ্জয় রায়ের পলিগ্রাফ টেস্টের অনুমতি দিল কলকাতার বিশেষ আদালত। দিল্লির সেন্ট্রাল ফরেনসিক সায়েন্স ল্যাবরেটরির (সিএফএসএল) বিশেষজ্ঞদের একটি দল এই পরীক্ষা চালাবে বলে জানিয়েছেন আধিকারিকরা। সিবিআই সঞ্জয় রায়ের ডিএনএ ও সাইকোঅ্যানালিসিস রিপোর্টের অপেক্ষায় রয়েছে।বৃহস্পতিবার সিবিআইয়ের তরফে সুপ্রিম কোর্টে জানানো হয়, স্থানীয় পুলিশ ওই স্নাতকোত্তর চিকিৎসককে ধর্ষণ ও খুনের ঘটনা ধামাচাপা দেওয়ার চেষ্টা করছে। মেডিক্যাল কলেজের প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষ এবং আরও চার চিকিৎসকের বিরুদ্ধে ৮-৯ অগাস্টের মধ্যবর্তী রাতে কর্তব্যরত আরও চার চিকিৎসকের মিথ্যা শনাক্তকরণ পরীক্ষায় ইতিমধ্যেই সম্মতি দিয়েছে আদালত। সিসিটিভি ফুটেজ এবং চিকিৎসকের মৃতদেহের পাশে পাওয়া একটি ব্লুটুথ ডিভাইসের ফলে রায়কে গ্রেফতার করা হয়েছিল, যাকে কলেজের সেমিনার হলে প্রবেশ করতে দেখা গিয়েছিল যেখানে মৃতদেহ পাওয়া গিয়েছিল। সিবিআই হেফাজতের শেষে শুক্রবার ধৃত সঞ্জয় রায়কে শিয়ালদা আদালতে অতিরিক্ত মুখ্য বিচার বিভাগীয় ম্যাজিস্ট্রেটের এজলাসে পেশ করা হয়।



একইসঙ্গে আদালতে সিবিআই ধৃত সঞ্জয় রায়ের পলিগ্রাফ পরীক্ষা করানোর আবেদন জানিয়েছিল। আদালত সেই পরীক্ষার আবেদন অনুমোদন করেছে। শুক্রবার দুপুর ১১ টা নাগাদ সিজিও কমপ্লেক্স থেকে করা নিরাপত্তা বলয় গড়ে ধৃত সঞ্জয় রায়কে নিয়ে যাওয়া হয় শিয়ালদহ আদালতে।
সঞ্জয়ের রায়ের পরনে ছিল একটি লাল গেঞ্জি মাথা এবং মুখ নীল রঙের কাপড় দিয়ে ঢাকা ছিল। সঞ্জয় রায় যখন সিজিও কমপ্লেক্স থেকে বের হচ্ছিল তখন তাকে সাংবাদিকরা একাধিক প্রশ্ন করে। কিন্তু সে কোন উত্তর দেয়নি। এরপর কেন্দ্রীয় বাহিনীর সদস্যদের ঘেরাটোপে সঞ্জয় রায়কে নিয়ে যাওয়া হয় শিয়ালদহ আদালতে মোট আটটি গাড়ির কনভয় করে। আদালত ধৃত সঞ্জয় রায়কে জেল হেফাজতে রাখার নির্দেশ দেয়। প্রসঙ্গত উল্লেখ করা যেতে পারে আরজি কর হাসপাতালে নিহত পড়ুয়ার তরুণী চিকিৎসকের ধর্ষণ ও খুনের ঘটনায় যুক্ত থাকার অভিযোগে কলকাতা পুলিশ সঞ্জয় রায়কে গ্রেফতার করেছিল। ধৃত সঞ্জয় রায় কলকাতা পুলিশের সিভিক ভলেন্টিয়ার।
২০১৯ সালে কলকাতা পুলিশে সিভিক ভলান্টিয়ারে যোগ দেন সঞ্জয় রায় (৩৩)। পুলিশের দাবি, অন্তত চারবার বিয়ে করেছেন তিনি। প্রশিক্ষিত বক্সার অভিযুক্ত কয়েক বছর ধরে কয়েকজন সিনিয়র পুলিশ অফিসারের ঘনিষ্ঠ হন, যার পরে তাকে কলকাতা পুলিশ ওয়েলফেয়ার বোর্ডে স্থানান্তরিত করা হয় এবং আরজি কর মেডিকেল কলেজ ও হাসপাতালের পুলিশ ফাঁড়িতে পোস্টিং দেওয়া হয়।
উল্লেখ্য, হাসপাতালের সেমিনার হলে জুনিয়র ডাক্তারকে ধর্ষণ ও হত্যার ঘটনায় ব্যাপক প্রতিবাদের ঝড় উঠেছে।৯ আগস্ট সকালে হাসপাতালের বক্ষব্যাধি বিভাগের সেমিনার কক্ষ থেকে ওই চিকিৎসকের লাশ উদ্ধার করা হয়। পরদিন সঞ্জয় রায়কে গ্রেফতার করা হয়। গত ১৩ আগস্ট কলকাতা হাইকোর্ট কলকাতা পুলিশের কাছ থেকে তদন্তভার সিবিআইয়ের হাতে তুলে দেওয়ার নির্দেশ দেয়।
অন্যদিকে, সুপ্রিম কোর্টে সিবিআইয়ের কাছে জানতে চেয়েছিল ডাক্তার খুনের মামলায় কতটা অগ্রগতি হয়েছে। সিবিআই এই মামলায় কতদূর এগিয়েছে তা নিয়ে রিপোর্ট জমা দিয়েছে সুপ্রিম কোর্টে।

## মুসলিম যুবাকে ‘জয় শ্রীরাম’ বলতে বাধ্য করতে মারধর রাজস্থানে



**আপনজন ডেস্ক:** বুধবার রাজস্থানের আজমেরে একদল হিন্দুত্ববাদী সমর্থক এক মুসলিম যুবককে নৃশংসভাবে মারধর করে এবং তাকে ‘জয় শ্রীরাম’ স্লোগান দিতে বাধ্য করে। জিতু ভাটি নামে এক ব্যক্তির নেতৃত্বে হামলাকারীরা সমীর কুরেশিকে হিন্দুত্ববাদী স্লোগান দিতে বাধ্য করে এবং ইনস্টাগ্রামে ঘন্টাব্যাপী আক্রমণটি লাইভ স্ট্রিম করে। সোশ্যাল মিডিয়ায় ভাইরাল হওয়া একটি ভিডিওতে দেখা যায়, মুসলিম যুবকটি গুরুতর আহত বলে মনে হচ্ছে এবং তাকে মারধর বন্ধ করার জন্য দলটির কাছে অনুরোধ করছে। তবে দলটি কোনও দয়া দেখায়নি এবং কুরেশিকে কালো এবং নীল মারতে থাকে।
ভুক্তভোগী এখন হাসপাতালে ভর্তি এবং তার অবস্থা আশঙ্কাজনক বলে জানা গেছে। সমীরকে ‘পাকিস্তানি মুসলিম’ বলে সম্বোধন করতে শোনা যায় জিতু ভাটিকে এবং লাইভে থাকাকালীন তাকে মৌখিকভাবে গালিগালাজ করতে শোনা যায়। ভিডিওতে দেখা যায়, তার এক সহযোগী কুরেশিকে লাথি মারছে এবং তার মুখে বারবার ঘুষি মারছে। কুরেশিকে রক্তাক্ত অবস্থায় ‘জয় শ্রীরাম’ বলতে বলা হয়। কিন্তু তাতেও হামলা বন্ধ হচ্ছে না। লাইভ ভিডিওতে অন্তত চারজনকে দেখা গেছে যারা মাস্ক ব্যবহার করেছে। এই ঘটনায় এখনও পর্যন্ত কাউকে গ্রেফতার করা হয়নি।

## জেপিসির প্রধানের সঙ্গে সাক্ষাৎ পার্সোনাল ল বোর্ডের প্রতিনিধিদের



**আপনজন ডেস্ক:** সংসদীয় বিষয়ক যৌথ চেয়ারম্যান জগদম্বিকা পালের আমন্ত্রণে অল ইন্ডিয়া মুসলিম পার্সোনাল ল বোর্ডের একটি প্রতিনিধিদল তাঁর সাথে দেখা করে ওয়াকফ সংশোধনী বিল সম্পর্কে তাদের আপত্তি ও আপত্তি সম্পর্কে বিস্তারিতভাবে অবহিত করল মুক্রবার। প্রতিনিধি দলের নেতৃত্ব দেন অল ইন্ডিয়া মুসলিম পার্সোনাল ল বোর্ডের সাধারণ সম্পাদক মাওলানা মুহাম্মদ ফজলুর রহিম মুজাদ্দী এবং বোর্ডের পক্ষে বোর্ডের দুই সম্মানিত সদস্য, সিনিয়র অ্যাডভোকেট এম আর শামশাদ, অ্যাডভোকেট ফজিল আহমেদ আইয়ুবী, প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী কে রেহমান খান, মাওলানা আবু তালিব রহমানী, মাওলানা মতিউর রহমান মাদানী এবং দপ্তর সম্পাদক ড. মুহাম্মদ ওয়াকারউদ্দিন লতিফি এবং বিহারের এমএলসি ডাঃ খালিদ আনোয়ার। প্রতিনিধি দল প্রতিটি সংশোধনীতে তাদের আপত্তি বিস্তারিতভাবে তুলে ধরেন। প্রতিনিধি দলটি বলেছে যে বিলটি কেবল ওয়াকফ বোর্ডের ক্ষমতা হ্রাস করেনি, সমস্ত গুরুত্বপূর্ণ সিদ্ধান্তের কর্তৃত্বও কালেক্টরের হাতে তুলে দিয়েছে। ওয়াকফ বাই ইউজার ধারাটি অপসারণ করে মসজিদ, কবরস্থান ও দরগাহ দখলের পথ সহজ করা হয়েছে। সেন্ট্রাল ওয়াকফ কাউন্সিল এবং ওয়াকফ বোর্ডে অমুসলিমদের প্রতিনিধিত্ব পক্ষপাতিত্ব দেখানো হয়েছে, অন্যদিকে হিন্দু মঠ, মন্দির, শিখদের অন্যান্য আওকাফ এবং গুরুডোরা প্রবন্ধকগুলিতে অন্য কোনও ধর্মীয় প্রতিনিধির জায়গা নেই। সরকারের সঙ্গে বিরোধ থাকলে তা সিদ্ধান্ত নেওয়ার অধিকারও কালেক্টরকে দেওয়া হয়েছে। অতঃপর তিনি পরিচিত ব্যক্তিকে ৫ বছর পর্যন্ত সক্রিয় মুসলমান হওয়ার জন্য একটি হাস্যকর শর্ত আরোপ করেন, অথচ শরীয়তে এ ধরনের কোনো শর্ত আরোপ করা হয়নি। প্রতিনিধি দলের দাবি, সরকার যদি সত্যিই আওকাফ ও মুসলমানদের কল্যাণ চায়, তাহলে অবিলম্বে এই বিতর্কিত সংশোধনী বিল প্রত্যাহার করতে হবে। মুসলিম পার্সোনাল ল বোর্ড এ ব্যাপারে এক প্রেস বিবৃতিতে জানিয়েছে, সংসদীয় যৌথ কমিটির কমিটির চেয়ারম্যান গুরুত্ব সহকারে তাদেরসবকিছু শুনলেন এবং বলেছেন তারাবোর্ড এবং অন্যান্য মিল্লি সংস্থাগুলিকে সংসদয়ী যৌথ কমিটিতে তাদের অবস্থান বিস্তারিতভাবে উপস্থাপনের পূর্ণ সুযোগ করে দেবেন। উল্লেখ্য, বৃহস্পতিবার ওয়াকফ সংশোধনী বিল নিয়ে সংসদীয় যৌথ কমিটির প্রথম বৈঠক অনুষ্ঠিত হয়। তাতে বিরোধী দলে সাংসদরা ওয়াকফ সংশোধনী বিলের চরম বিরোধিতা করেন।

# প্রাথমিক শিক্ষা পর্ষদের নতুন অ্যাডহক কমিটিতে নেই সংখ্যালঘু প্রতিনিধি: নানা মত বিদ্বজ্জনদের

পশ্চিমবঙ্গ সরকারের স্কুল শিক্ষা দফতরের প্রথমিক বিভাগের তরফে গত বৃহস্পতিবার প্রকাশিত বিজ্ঞপ্তিতে পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা পর্ষদের নতুন অ্যাডহক কমিটি ঘোষণা করা হয়েছে। যদিও অ্যাডহক কমিটিতে কোনও সংখ্যালঘু প্রতিনিধিত্ব নেই। আরও অভিযোগ, স্কুল সার্ভিস কমিশন, পাবলিক সার্ভিস কমিশন, কলেজ সার্ভিস কমিশন সহ মাধ্যমিক শিক্ষা পর্ষদ ও উচ্চমাধ্যমিক শিক্ষা সংসদেও কোনও মুসলিম প্রতিনিধিত্ব নেই। এ প্রসঙ্গে রাজ্যের সংখ্যালঘু মহলের বিদ্বজ্জনদের নানা মতামত তুলে ধরেছেন ‘আপনজন’ সাংবাদিক এম মেহেদী সানি।

### ‘এই কমিটি বাদ দিয়ে নতুন কমিটিতে সংখ্যালঘু প্রতিনিধি রাখা হোক’



খুব দুর্ভাগ্যের বিষয় যে মমতা বন্দ্যোপাধ্যায়ের সরকার যখন সর্বদিক হতেই পর্যদুস্ত তখনও সংখ্যালঘু সমাজ রাজনীতির ক্ষেত্রে মমতাকে ভরসা করেই চলেছে । সেই সময়ে এই সরকার দ্বারা একটা সাম্প্রদায়িক কমিটি (প্রাথমিক শিক্ষা পর্ষদের অ্যাডহক কমিটি) গঠন করা হয়েছে। পশ্চিমবঙ্গের একতৃতীয়াংশ জনসংখ্যা সংখ্যালঘুদের, চাই এই কমিটিকে বাদ দেওয়া হোক ও নতুন কমিটিতে একতৃতীয়াংশ সংখ্যালঘু প্রতিনিধি থাকুক।

**মোতাহার হোসেন**
*আইনজীবী, সুপ্রিম কোর্ট*

### ‘আশা করব রাজ্য সরকার সংশোধিত কমিটিতে সংখ্যালঘু প্রতিনিধি রাখবে’



এটা অপ্রত্যাশিত ও দুর্ভাগ্যজনক। বর্তমান রাজ্য সরকারকে মুসলমানরা তাদের সমর্থনকে উজাড় করে দেওয়ার পরেও এই অবহেলা মূলক সিদ্ধান্ত মেনে নেওয়া যায় না।আমি আশা করব এই কমিটির পুন:সংশোধন করে অবশ্যই সংখ্যালঘূ প্রতিনিধিদের রাজ্য সরকার স্থান দেবে।

**মোহাম্মদ কামরুজ্জামান**
*সাধারণ সম্পাদক, সারা বাংলা সংখ্যালঘু যুব ফেডারেশন*

### ‘মুসলিম সমাজের প্রতিনিধি না থাকাটা অস্বাভাবিক বলে মনে হয়েছে’



প্রাথমিক শিক্ষা পর্ষদের যে অ্যাডহক কমিটি প্রকাশিত হয়েছে সেখানে মুসলিম সমাজের প্রতিনিধি না থাকাটা অস্বাভাবিক বলে মনে হয়েছে। আমরা চাই এই কমিটিতে একজন হলেও সংখ্যালঘু প্রতিনিধি থাকা উচিত। এটা ন্যায্য দাবি। সমাজের উন্নয়নের জন্য সংশ্লিষ্ট সমাজের প্রতিনিধি থাকা প্রয়োজন।

**নিজামুদ্দিন বিশ্বাস**
*রাজ্য সম্পাদক, অল বেঙ্গল ইমাম-মুয়াজ্জিন অ্যাসোসিয়েশন*

### ‘রাজ্যের শিক্ষা দফতরের নানা স্থানে কোনও মুসলিম প্রতিনিধিত্ব নেই’



এটি কোনো নতুন কথা নয় এই সরকারের আমলে। শিক্ষা দফতরের নানা জায়গায় কোনও মুসলিম প্রতিনিধি নেই। আর যদিও বা থাকে তারা সরকারের দলদাস। বলায় বাহুল্য যে আমি একমাত্র বাঙালি মুসলিম তৃণমূল কংগ্রেসের মুখপাত্র ছিলাম। মাদ্রাসা ও সংখ্যালঘু উন্নয়ন নিয়ে বারবার লিখিত ও মৌখিকভাবে জানালেও কোনো পদক্ষেপ নেয়নি। তাই সংখ্যালঘু হিসেবে সম্মান না পেয়ে ওখান থেকে আমি পদত্যাগ করি।

**কামাল হোসেন,**
*বিশিষ্ট শিক্ষাবিদ*

### ‘প্রাইমারি বোর্ডের অ্যাডহক কমিটিতে সংখ্যালঘু প্রতিনিধি রাখাটা উচিত ছিল



প্রাইমারি বোর্ডের অ্যাডহক কমিটিতে সংখ্যালঘু প্রতিনিধি রাখাটা উচিত ছিল। বর্তমানে উপযুক্ত ব্যক্তি মুসলিমদের মধ্যে প্রচুর রয়েছে, তাহলে থাকবে না কেন ? তবে যারা এটা করছেন তাঁরই এটা ভালো বলতে পারবেন।

**ড. হুমায়ুন কবির**
*বিধায়ক ও প্রাক্তন আইপিএস*

### ‘এভাবেই যদি চলতে থাকে আগামী দিনে এর প্রতিফলন ভোট বাক্সে পড়বে’



প্রাইমারি বোর্ডের অ্যাড হক কমিটিতে মুসলমান সদস্যের উপস্থিতি শূন্যতা খুবই দুর্ভাগ্যজনক। বাংলাকে আরোও সমুন্নত করতে হলে সমস্ত শ্রেণীর আনুপাতিক হারে প্রতিনিধিত্ব থাকা খুবই দরকার। তবে এই সরকারি কমিটিতে মুসলিম সমাজ থেকে যথাযথ সদস্যের অনুপস্থিতি মুসলিম সমাজের প্রতি সরকারের অবহেলাকেই প্রকট করবে । এভাবেই যদি চলতে থাকে আগামী দিনে এর প্রতিফলন ভোট বাক্সে পড়বে । সরকারের কাছে বিষয়টি পুনঃ বিবেচনার আর্জি জানাচ্ছি।

**মোনাজাত আলী বিশ্বাস**
*সভাপতি, প্রোগ্রেসিভ ইন্টেলেকচুয়ালস অফ বেঙ্গল*

### ‘একজন মুসলিম ও একজন আদিবাসী প্রতিনিধি রেখে দেওয়া হোক’



রাজ্যের পশ্চাৎপদ সমস্ত জনগোষ্ঠীকে পেছনে ফেলে দেওয়ার চক্রান্ত চলছে। নব গঠিত প্রাইমারি বোর্ডের অ্যাডহক কমিটিতে যেমন সংখ্যালঘু কোন প্রতিনিধি নেই তেমনি দলিত আদিবাসী সমাজের কোন প্রতিনিধি নেই । নবগঠিত ওই কমিটির নিরিখে বলা যায় পশ্চিমবঙ্গ মাদ্রাসা বোর্ডের সভাপতি এবং অন্ততপক্ষে আলিয়া বিশ্ববিদ্যালয়ের একজন প্রতিনিধি ও ঝাড়গ্রাম এর আদিবাসী বিশ্ববিদ্যালয়ের একজন প্রতিনিধির স্থান পাওয়া উচিত ছিল। কিন্তু বিমাতৃসুলভ আচরণ করা হলো, এটা আমাদের জন্য অত্যন্ত দুর্ভাগ্যের । সংখ্যালঘু দলিত আদিবাসী প্রীতি তৃণমূল সরকারের শুধু মুখে, কাজে নয়। আমি মনে করি মুখ্যমন্ত্রীর হস্তক্ষেপে পুনরায় এই কমিটি গঠন করা উচিত। যেখানে বিপুল সংখ্যক সংখ্যালঘু ভোট নিয়ে যিনি ক্ষমতার মসনদে আছেন, তাকে কেন সব সময় সব বিষয়ে আমাদের মনে করিয়ে দিতে হবে? কেন মুসলিম দলিত আদিবাসীরা সমস্ত ক্ষেত্রে বঞ্চিত হবে? রাজ্যের মুসলিম ও আদিবাসীরা শুধু ভোট ব্যাঙ্ক হিসেবে থাকতে চায় না। তারা তাদের অধিকার চায়। সেই অধিকার, সেই সম্মান তাদেরকে দেওয়া উচিত। আমি বিধানসভা অধিবেশনে সুযোগ হলে এ বিষয়ে প্রশ্ন তুলব।

**নওশাদ সিদ্দিকী**
*বিধায়ক ও চেয়ারম্যান, ইন্ডিয়ান সেকুলার ফন্ট*

### ‘কমিটিতে সংখ্যালঘু জনগোষ্ঠীকে “বর্জন” করা হয়েছে যা চরম উদ্বেগের’



পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা পর্ষদের নবগঠিত কমিটি দেখে বোঝাই যাচ্ছে না এটা কোন সরকারের দ্বারা গঠিত কমিটি। বিজেপি সরকার না তৃণমূল সরকারের? কমিটিতে রাজ্যের মূল স্রোতের শিক্ষা পর্ষদ গুলির মাননীয় সভাপতিরা থাকলেও এক্ষেত্রে বর্জন করা হয়েছে পশ্চিমবঙ্গ মাদ্রাসা শিক্ষা পর্ষদের সভাপতিকে। এখন প্রশ্ন হল, মাননীয় মুখ্যমন্ত্রীর মন্ত্রিত্বে চলা এই দফতরের অধীনস্থ মাদ্রাসা শিক্ষা পর্ষদকে রাজ্যের শিক্ষা দপ্তর অন্যান্য শিক্ষা পর্ষদের সঙ্গে সমতুল বলে মনে করে কী -না ? যা পূর্ববর্তী সরকারের আমলে কোনোকালে হয়নি । এই কমিটি গঠনে রাজ্যের বৃহত্তর সংখ্যালঘু জনগোষ্ঠীকে “বর্জন” করা হয়েছে। কমিটিতে তাদের কোনো স্থান হয়নি। খুবই উদ্বেগজনক বিষয়, একপেশে, একদেশদর্শী।

**ড. আবদুস সাত্তার**
*রাজ্যের প্রাক্তন সংখ্যালঘু মন্ত্রী*

### ‘সংখ্যালঘু প্রতিনিধি রাখা আবশ্যিক হোক’



রাজ্য সরকার প্রকৃতপক্ষে সংখ্যালঘুদের যোগ্যতার মূল্য দিচ্ছে না। শিক্ষা পর্ষদে অবশ্যই যোগ্য সংখ্যালঘু প্রতিনিধি রাখা প্রয়োজন। এমন দ্বিচারিতা অবিলম্বে বন্ধ হোক।

**সাইদ মামুন**
*রাজ্য সভাপতি, এসআইও*


ইসলামিক ভাবাদর্শের মধ্যে আপনার সন্তানকে আধুনিক শিক্ষায় সমাজের যোগ্য ও আদর্শ মানুষ রূপে গড়ে তোলার একমাত্র বিশ্বস্ত প্রতিষ্ঠান

ILMA ENGLISH MEDIUM SCHOOL
Uttar Khodar Bazar, Baruipur, Kol- 144




আমাদের বৈশিষ্ট্য
- CBSE Curriculum
- অভিজ্ঞ শিক্ষক শিক্ষিকা মণ্ডলী।
- ইসলামিক বুনিয়াদি শিক্ষা
- বিশুদ্ধ পানীয় জলের ব্যবস্থা।
- শীততাপ নিয়ন্ত্রিত ক্লাস রুম।
- International পরীক্ষায় ছাত্র-ছাত্রীদের অসাধারণ ফলাফল।
- প্রত্যেক ছাত্র-ছাত্রীদের পৃথক ভাবে মানোন্নয়ন।
- ক্লাস 5 থেকে NEET / JEE FOUNDATION COURSE
- Spoken Arabic Course।
- Co-Curriculum Activities
- ক্লাস 5 থেকে ছাত্রীদের সম্পূর্ণ পৃথক ক্লাস রুম

ভর্তি চলিতেছে
Class Nursery to VII
(Class XII Proposed)

অন্যান্য স্কুলের থেকে তুলনামূলক অনেক কম খরচে আপনার সন্তানকে দেশের আদর্শবান নাগরিক হিসাবে গড়ে তুলুন।

এখানে হোস্টেলের ব্যবস্থা আছে
কেবল মাত্র পঞ্চম শ্রেনির ছাত্রদের জন্য (বালক)
আসন সংখ্যা সীমিত (সত্বর যোগাযোগ করুন)

Helpline
9231510342
8585024724
8910301695

In strategic alliance with
MS Education Academy
HYDERABAD

Website : www.ilmaschool.in / Email : ilmaschoolbaruipur@gmail.com

প্রথম নজর

## বোলপুর মহকুমা হাসপাতালে বিক্ষোভ



আমীরুল ইসলাম ● বোলপুর

**আপনজন:** সিউড়ির পর এবার বোলপুর।বেতন না পাওয়ার অভিযোগ তুলে  কাজ বন্ধ করে বোলপুর মহকুমা হাসপাতালে অবস্থান-বিক্ষোভে বসলেন হাসপাতালের অস্থায়ী কর্মীরা। গত মাসের বেতন এখনো পর্যন্ত না হওয়ায় এদিন দুপুরে  কর্মবিরতি শুরু করেন হাসপাতালের সাফাইকর্মী থেকে শুরু করে বিভিন্ন ওয়ার্ডের কর্মীরা ও নিরাপত্তারক্ষীরা। এজেন্সি মারফত তারা হাসপাতালে দীর্ঘ বেশ কয়েক বছর ধরে কাজ করে আসছেন। যতক্ষণ না তাঁদের বেতন দেওয়ার বিষয়ে সুনিশ্চিত করবে এজেন্সি , ততক্ষন তাদের বিক্ষোভ চলবে বলে জানান অস্থায়ী কর্মীরা । এর আগেও সুপার কে জানানো হয়েছিল কিন্তু কোন সুরাহা হয়নি তাই বাধ্য হয়ে অবস্থান-বিক্ষোভ।

## সুন্দরবনে নদীবাঁধ ভেঙে প্লাবিত এলাকা



সুভাষ চন্দ্র দাশ ● গোসাবা

**আপনজন:** কোটাল আর প্রবল বর্ষনের জেরে সুন্দরবনের নদীবাঁধ ভেঙে প্লাবিত হল এলাকা। শুক্রবার গোসাবা ব্লকের সুন্দরবন কোস্টাল থানা এলাকার কুমিরমারী গোমস নদীর ভাঙ্গন ঘাট এলাকায় প্রায় ৬০ ফুট নদী বাঁধ ভেঙে লবণাক্ত জল মন্ডল পাড়া ও গায়েন পাড়ার মধ্যে ঢুকে পড়ে।জোয়ারের সময় এলাকা প্লাবিত হওয়ার আশঙ্কা।যদিও ব্লক প্রশাসন খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছায় এবং যুদ্ধকালিন তৎপরতায় নদীবাঁধ মেরামতির কাজে নেমে পড়ে।গ্রামবাসীদের অভিযোগ,সঠিক পদ্ধতিতে নদী বাঁধ সংস্কার কিংবা নতুন কোন বাঁধ নির্মাণ না হওয়ায় ২০০৯ এর আয়লা পরবর্তী সময় থেকে আতঙ্কিত হয়ে দিন কাটাতে হচ্ছে। পাশাপাশি তাঁদের আরো অভিযোগ ইতিমধ্যে নদীর লবণাক্ত জল গ্রামে ঢুকে পড়ায় পুকুরের মাছ,চাষের জমি ক্ষতিগ্রস্থ হয়েছে।

## চুরি যাওয়া বাইক সহ তিন যুবক ধৃত



নিজস্ব প্রতিবেদক ● অরঙ্গাবাদ

**আপনজন:** চুরি হয়ে যাওয়া চারটি বাইক সহ তিন যুবককে গ্রেপ্তার করলো জঙ্গিপুর পুলিশ জেলার ফারাক্কা থানার পুলিশ। তাদের গ্রেপ্তার করে শুক্রবার জঙ্গিপুর মহুকুমা আদালতে পাঠানো হয়। পুলিশ জানিয়েছে, ধৃতদের নাম শরিফুল সেখ, আব্দুল খাবির সেখ এবং সরিফুল সেখ। তাদের মধ্যে সরিফুলের বাড়ি সুতি থানা এলাকা হলেও বাকি দুজনের বাড়ি সামশেরগঞ্জে। পুলিশ সূত্রে খবর, দিন কয়েক আগেই সামশেরগঞ্জের মালনচা ফিডার ক্যানেল ঘাট এলাকায় হানা দিয়ে প্রথমে একটি বাইক সহ ওই তিন যুবককে গ্রেপ্তার করা হয়। তারপরেই বৃহস্পতিবার ধুলিয়ান স্টেশন সংলগ্ন এলাকা থেকে চুরি হয়ে যাওয়া আরো তিনটি বাইক উদ্ধার করা হয়।

# সঞ্জয়ের ফাঁসি চেয়ে শিয়ালদা কোর্ট চত্বরে বিক্ষোভ ‘বাংলা পক্ষ’র



নুরুল ইসলাম খান ● কলকাতা

**আপনজন:** কলকাতার আর জি করে মহিলা চিকিৎসকের ধর্ষণ ও হত্যার ঘটনায় বাংলা পক্ষ বিক্ষোভ দেখাল শিয়ালদহ কোর্টের বাইরে। তদন্তভার নেওয়ার ১০ দিন পরও সি বি আই  কাউকে গ্রেফতার করেনি।  পিএম রিপোর্টেও দেখা গেছে নৃশংস হত্যা ও খুন কাণ্ডে যুক্ত ছিল সঞ্জয় রাই। সাঞ্জয় রাইকে আজ শিয়ালদা আদালতে পেশ করে সিবিআই। তার পরিপ্রেক্ষিতে আদালতের বাইরে ভিড় জমেছিলো। সংশ্লিষ্ট সংগঠনটি তার ফাঁসি দাবি করে বিক্ষোভ দেখায়। জনমানষে  প্রশ্ন উঠেছে সিবিআই ওপর। বিক্ষোভ থেকে শ্লোগান ওঠে “বহিরাগত গুঠখা জন্তুর ফাঁসি চাই”। উপস্থিত ছিলেন সংগঠনের সাধারন সম্পাদক গর্গ চট্টোপাধ্যায়, সাংগঠনিক সম্পাদক কৌশিক মাইতি, শীর্ষ পরিষদ সদস্য অরিন্দম চ্যাটার্জী, মহ: সাহীন সহ শতাধিক সহযোদ্ধা।

গর্গ চট্টোপাধ্যায় বলেন “ আমরা আমাদের বোনের ধর্ষণ ও হত্যার বিচার চাই। অপরাধীকে সঞ্জয় রায় বলে চালানোর চেষ্টা করেছে নানা মহল, বাংলা পক্ষ ধিক্কার জানায়।  বাঙালির বুকে আগুন জ্বলছে। আমাদের বোনের যে মর্মান্তিক পরিণতি হয়েছে, এই সঞ্জয় রাইকে ফাঁসি দিতেই হবে। কাউকে আড়াল করা চলবে না।”তিনি সরকারের বহিরাগত তোষণের নিন্দা করে বলেন এরা বিহার থেকে এসে বাংলায় সিভিক ভলেন্টিয়ারের কাজ কি করে পায়?  কৌশিক মাইতি বলেন, “আজ বাঙালি বোনের ধর্ষকের ফাঁসির দাবিতে একমাত্র বাংলা পক্ষ রাজপথে। আগামীদিনে আর যেন এমন না হয়, সেটাও নিশ্চিত করতে চাই।

# আরজি করের ঘটনায় দোষীর শাস্তির দাবিতে আন্দিতে পথে এসআইও




রঙ্গিলা খাতুন ● কান্দি

**আপনজন:** ডাক্তারি পড়ুয়া খুনের ঘটনায় জড়িত সকল অপরাধীদের কঠোর ও দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে এসআইও বড়ঞা ব্লকের ডাকে আন্দি বাসস্ট্যান্ড চত্বরে প্রতিবাদ কর্মসূচী অনুষ্ঠিত হয়। আরজিকর মেডিকেল কলেজ ও হাসপাতালে ডাক্তারি পড়ুয়াকে খুনের ঘটনায় জড়িত সকল অপরাধীদের কঠোর ও দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে এসআইও বড়ঞা ব্লকের ডাকে আন্দি বাসস্ট্যান্ড চত্বরে প্রতিবাদ কর্মসূচী অনুষ্ঠিত হয়।এদিনের কর্মসূচি থেকে আওয়াজ ওঠে যে এই ঘটনায় জড়িত সকল অপরাধীদের কঠোর ও দৃষ্টান্তমূলক শাস্তি দিতে হবে এবং দেশ ও রাজ্যের সমস্ত ধর্ষণকাণ্ড, হত্যাকাণ্ডে জড়িত অপরাধীদের শাস্তি দিতে হবে, যাতে করে পরবর্তীতে এই ঘটনা আর না ঘটে। এদিনের কর্মসূচীতে উপস্থিত ছিলেন এসআইও-র সাংগঠনিক দক্ষিন মুর্শিদাবাদ জেলার  সম্পাদক মতিরুল রহমান সেখ, এসআইও - র বড়ঞা ব্লক সভাপতি সুরজ সেখ ,এস আই ও র সদস্য রাহি মাসুম রেজা , এসআই ওর প্রাক্তন সদস্য মহঃ ইনজামাম উল লাইস , এস আই ওর প্রাক্তন সদস্য মাস্টার সেলিম রেজা প্রমুখ।প্রসঙ্গত উল্লেখ্য তরুণী চিকিৎসকের ধর্ষণ-খুনের ঘটনায় প্রথম থেকেই প্রশ্ন উঠেছে সন্দীপ ঘোষের ভূমিকা নিয়ে।  এমনখী আর্থিক দুর্নীতিরও অভিযোগও উঠেছে।

# মোদির বাসভবন ঘেরাও হুঁশিয়ারি যুব নেতার

দেবাশীষ পাল ● মালদা

**আপনজন:** গঙ্গা ভাঙন কে জাতীয় বিপর্যয় ঘোষণা করে ভাঙ্গন রোধের স্থায়ী সমাধান না করা হলে বন্যা দুর্গতদের নিয়ে প্রধানমন্ত্রীর বাসভবন ঘেরাও করার হুঁশিয়ারি দিলেন মালদা জেলা তৃণমূল যুব কংগ্রেসের সভাপতি বিশ্বজিৎ মন্ডল।

শুক্রবার এই ইস্যুকে সামনে রেখে মালদা শহরের প্রাণকেন্দ্র ফোয়ারা মোড় এলাকায় এক অবস্থান বিক্ষোভের আয়োজন করা হয়েছিল মালদা জেলা তৃণমূল যুব কংগ্রেসের পক্ষ থেকে। অবস্থান বিক্ষোভের এই মঞ্চ থেকেই যুব সভাপতি এই হুশিয়ারি দেন। আজ এই মঞ্চে বন্যা দুর্গতদের নিয়ে অভিনব কায়দায় অবস্থান বিক্ষোভ দেখানো হয়।

ভাঙ্গন-কবলিত মালদার মানিকচক, রতুয়া সহ বিস্তীর্ণ এলাকার বাসিন্দাদের পালিত গবাদি পশুদের নিয়ে অবস্থান-বিক্ষোভে



শামিল হয়েছিলেন তৃণমূল যুব কংগ্রেস কর্মীরা এবং বন্যা দুর্গতরা। এদিন এই অবস্থান বিক্ষোভ মঞ্চ থেকে অভিযোগ তোলা হয় প্রতিবছর ভাঙ্গনে মালদার রতুয়া মানিকচক বৈষ্ণব নগর সহ বিস্তীর্ণ এলাকায় বাঁধ ভেঙে প্লাবিত হয় এলাকা। নষ্ট হয়ে যায় হাজার হাজার একর জমি। অথচ কেন্দ্রীয় সরকার কোনো ভুমিকা দেখায় না। তাই কেন্দ্রীয় সরকার ভাঙ্গনকে জাতীয় বিপর্যয় মোকাবিলা বলে ঘোষণা করে স্থায়ী সমাধান করুক না হলে আমরা বন্যা দুর্গতদের নিয়ে প্রধানমন্ত্রীর বাসভবন ঘেরাও করব জানান যুব সভাপতি।

# আরজি করে ডিউটিতে থাকা সব পুলিশ কর্মীকে জেরা শুরু

সুব্রত রায় ● কলকাতা



**আপনজন:**  গত ৮  অগস্ট থেকে ১৪ অগষ্ট পর্যন্ত যে সকল পুলিশ কর্মীরা আর জি কর হাসপাতালে ডিউটিতে ছিল তাদেরকে এবার ডেকে পাঠিয়েছে  সিবিআই । তার মধ্যে আরজি কর হাসপাতালের আইসি সহ বেশ কয়েকজন পুলিশ কর্মী সিবিআই দফতরে শুক্রবার যান।এদের কাছ থেকে যেটা জানতে চাইছে সিবিআই সেটা হল. যখন তরুণী ডাক্তারের দেহ পড়ে ছিল সেমিনার হলে সেই খবর পাওয়ার পর কারা কারা গেছিলো সেখানে?  তারা গিয়ে কি দেখতে পেয়েছিল, সেই বিষয় জানার জন্য তাদের ডাকা হয়।

প্রত্যেকের বয়ান রেকর্ড করে সিবিআই। টালা পার্ক থানার ওসিকে বৃহস্পতিবার ডেকে এক প্রস্থ জিজ্ঞাসাবাদ করে সিবিআই। সিবিআই সূত্রে খবর যে সকল পুলিশ অফিসারদের সাসপেন্ড করা হয়েছে, তাদের বয়ানও রেকর্ড করবে কেন্দ্রীয় এজেন্সি। এদিকে শুক্রবার আরজি কর হাসপাতালের আন্দোলনকারী জুনিয়র চিকিৎসক প্রতিনিধিদের একটি দল সিজিও কমপ্লেক্স-এ সিবিআই দফতরে যান। তদন্তের অগ্রগতি সম্বন্ধে খোঁজ নেন তারা। সিবিআই অফিসারদের সঙ্গে দীর্ঘক্ষণ কথা বলেন তারা।

আন্দোলন আগামী দিন চলবে নাকি তা প্রত্যাহার করবে তা সিবিআই তত্ত্ব থেকে ফিরে বৈঠক করে ঘোষণা করা হবে বলে জুনিয়ার ডাক্তাররা জানান।

আরজিকর কাণ্ডে সুপ্রিম কোর্ট শত প্রণোদিতভাবে পদক্ষেপ নিয়েছে। বৃহস্পতিবার শুনানিতে সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড় আন্দোলনকারী চিকিৎসকদের কাজে ফেরার জন্য অনুরোধ করেছেন। একইসঙ্গে রাজ্যের স্বাস্থ্য সচিব স্বরূপ নিগম জুনিয়র ডাক্তারদের দরিদ্র রোগীদের কথা ভেবে কাজে ফিরতে অনুরোধ জানিয়েছেন। তিনি দাবি করেছেন জুনিয়র ডাক্তারদের সমস্ত রকম নিরাপত্তা ব্যবস্থা গড়ে তুলেছে স্বাস্থ্য দফতর। মহিলা চিকিৎসকদের আলাদা থাকার ব্যবস্থা পাশাপাশি টয়লেট সহ সমস্ত রকম জায়গায় নিরাপত্তা ব্যবস্থা সুনিশ্চিত করা হয়েছে। হাসপাতালে নিজস্ব সিকিউরিটি ব্যবস্থা জোরদার করা হয়েছে। দরিদ্র মানুষজন জুনিয়ার ডাক্তারদের কর্ম বিরতির ফলে নিউরো সহ বিভিন্ন যে রোগগুলি রয়েছে তার চিকিৎসা থেকে বঞ্চিত হচ্ছে। তাই তারা যেন কর্ম বিরতি প্রত্যাহার করে চিকিৎসা পরিষেবা দিতে কাজে যোগ দেন।

# আরজি কর কাণ্ডে দোষীদের ফাঁসির দাবিতে সরব জেলা তৃণমূল কংগ্রেস

এম মেহেদী সানি ● চারঘাট




**আপনজন:**  আরজি কর কান্ডের জেরে উত্তাল রাজ্য রাজনীতি, শহর থেকে প্রান্তিক এলাকার সর্বস্তরের সাধারণ মানুষ গর্জে উঠছেন নির্যাতিতার বিচার চেয়ে। পথে নেমেছে শাসক দল তৃণমূলও। আরজি কর কান্ডে জড়িত সমস্ত অপরাধীদের গ্রেফতার করে দৃষ্টান্তমূলক শাস্তি এবং দ্রুত সিবিআই তদন্ত শেষ করার দাবিতে মিছিল করে প্রতিবাদ জানালো তৃণমূল বিধায়ক নেতৃত্বরা। বৃহস্পতিবার স্বরূপনগর বিধানসভার পশ্চিম ব্লকের অবজারভার নারায়ণ করের উদ্যোগে চারঘাট হাসপাতাল মোড় থেকে কয়েক হাজার তৃণমূল কর্মী সমর্থকরা প্রতিবাদ মিছিলের শামিল হন। মিছিলে নেতৃত্ব দেন স্বরুপনগরের বিধায়ক বীনা মন্ডল, বনগাঁ সাংগঠনিক জেলা তৃণমূল কংগ্রেসের সম্পাদক ও স্বরুপনগর পশ্চিম ব্লক তৃণমূল কংগ্রেসের অবজারভার নারায়ণ কর, বনগাঁ সাংগঠনিক জেলা মহিলা তৃণমূল কংগ্রেসের সহ-সভাপতি সঙ্গীতা কর কুন্ডুরা। মমতা বন্দ্যোপাধ্যায়ের নামে জয়ধ্বনির পাশাপাশি ‘উই ওয়ান্ট জাস্টিস, জাস্টিস ফর আরজিকর, দোষীদের ফাঁসি চাই’ সহ কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা সিবিআই এর বিরুদ্ধে শ্লোগান তোলেন তাঁরা। মিছিল শেষে প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়। বিধায়ক বিনা মন্ডল এদিন বাংলায় শান্তি সম্প্রীতি ঐক্য বজায় রাখার আহ্বান জানিয়ে আরজি করের ঘটনার বিরুদ্ধে সুর চড়ান, ঘটনার তদন্ত দ্রুত শেষ করার অনুরোধ জানান সিবিআইকে। আরজি কর কান্ডকে সামনে রেখে শান্ত বাংলাকে অশান্ত করতে ও বাংলার সম্মানকে কলুষিত করতে বাম-বিজেপির মিলিত অভিসন্ধি রচিত হয়েছে বলে অভিযোগ করছেন নারায়ন কর। সকল দোষীদের ফাঁসি হওয়া উচিত বলে মনে করেন তৃণমূল নেত্রী সঙ্গীতা কর কুন্ডু। উল্লেখ্য আরজি কর কাণ্ডের প্রতিবাদে জুনিয়র ডাক্তারদের কর্ম বিরতির কারণে চিকিৎসা পরিষেবা ব্যাহত হচ্ছে বলে অভিযোগ উঠছে, এদিন প্রতিবাদ সভা থেকে সকল তৃণমূল নেতৃত্বরা জুনিয়র ডাক্তারদেরকে প্রতিবাদের পাশাপাশি সাধারণ মানুষকে চিকিৎসা পরিষেবা প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ জানান।

# কঠোর শাস্তির দাবিতে মিছিলে কান্তি, বিদিশা



আসিফা লস্কর ● কাকদ্বীপ

**আপনজন:** কলকাতার আরজিকর মেডিকেল কলেজ এন্ড হাসপাতালে কর্মরত তরুণী চিকিৎসককে ধর্ষণ এবং নৃশংসভাবে খুনের ঘটনায় গর্জে উঠেছে গোটা দেশ। দেশের বিভিন্ন প্রান্তে বইছে আন্দোলনের ঝড়। দোষীদের শাস্তির দাবিতে রাস্তায় নেমেছে ছাত্র-ছাত্রীর থেকে শুরু করে সাধারণ মানুষেরা। তিলোত্তমা সুবিচারের আশায় প্রতিদিনই জেলার বিভিন্ন প্রান্তে প্রতিবাদ মিছিল করছে এলাকার মানুষজনেরা। এলাকার মানুষজনদের একটাই দাবি তিলোত্তমার সুবিচার। পাহাড় থেকে সাগর সর্বোচ্চ আরজিকর কান্ডে দোষীদের গ্রেপ্তারের দাবিতে চলছে প্রতিবাদ মিছিল। শুক্রবার কাকদ্বীপ বিধানসভার চিকিৎসক মহলের পক্ষ থেকে কাকদ্বীপ বিধানসভার অন্তর্গত বামুনের মোড় এলাকা থেকে চৌরাস্তা পর্যন্ত একটি প্রতিবাদ মিছিল করা হয়। এই মিছিলে পামেলায় সিপিএমের বর্ষিয়ান নেতা কান্তি গাঙ্গুলী এই মিছিলে মানুষের হয়ে তিলোত্তমার সুবিচারের দাবিতে সুর চরাতে দেখা যায় চলচ্চিত্র জগতের অভিনেতা বাদশা মৈত্র কে। এই মিছিলে কয়েক শো মানুষের জমায়েত হয়েছে বলে জানা গিয়েছে। এই মিছিল থেকে একটি স্লোগান উঠে “উই ওয়ান জাস্টিস ফর আর জি কর”। কেটে গিয়েছে বহুদিন এখনও পর্যন্ত সুবিচার পাচ্ছে না তিলোত্তমা ।তিলোত্তমার পাশে রয়েছে গোটা দেশ। এ বিষয়ে অভিনেতা বাদশা মৈত্র তিনি জানান, এটা কোন ধর্ষণের ঘটনা নয় এটা গণধর্ষণ এর পিছনে একাধিক লোক যুক্ত রয়েছে। অভিযুক্তদের আড়াল করারও চেষ্টা চালানো হচ্ছে কিন্তু আমাদের আন্দোলনের জেরে অভিযুক্তদের বেশিদিন আড়াল করতে পারবে না।

অভিযুক্তরা গ্রেপ্তার হবে এবং অভিযুক্তদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জেলার বিভিন্ন প্রান্ত থেকে মানুষজন চাইছে। গতকাল সুপ্রিম কোর্টের বিচারপতি বলেছেন তার কর্মজীবনে গত ৩০ বছরে এমন ঘটনা তিনি সম্মুখীন হয়নি। এটা অত্যন্ত নিন্দনীয় ঘটনা দোষীদের উপযুক্ত শাস্তি একান্তই কাম্য।

# কুরুচিকর পোস্ট করায় রাজন্যা দ্বারস্থ হলেন পুলিশের




জাহেদ হাসান ● সোনারপুর

**আপনজন:** শাসকদলের ছাত্রনেত্রী রাজন্যা হালদারের বিরুদ্ধে সোশ্যাল মিডিয়ায় কুরুচিকর পোস্ট। রাজন্যা হালদারের ছবি ব্যবহার করে সোশ্যাল মিডিয়ায় অশালীন পোস্ট করার অভিযোগে আইনের দ্বারস্থ হলেন তিনি। বৃহস্পতিবার রাতে এই ঘটনায় সোনারপুর থানায় লিখিত অভিযোগ দায়ের করেন তিনি। বারুইপুর পুলিশ যেলার অধীন সাইবার ক্রাইম থানা এই ঘটনার তদন্ত করবে বলে জানা গিয়েছে। অভিযোগ দায়ের এরপর রাজন্যা হালদার বলেন যারা আর জি করের নারী নির্যাতন নিয়ে সুবিচার চাইছেন তাদেরই অনেকে আরেকজন নারীর প্রতি অশালীন মন্তব্য করছেন। আরজিকর কান্ডে ধর্ষণের প্রতিবাদ করতে গিয়ে আর একজন মহিলাকে ধর্ষণের হুমকি দেওয়া,রাম বাম মনস্ক এই মানসিকতাকে কটাক্ষ করেন তিনি। তৃণমূল কংগ্রেস করার জন্যই তার প্রতি এই অশালীন মন্তব্য করা হচ্ছে বলে অভিযোগ করেন তিনি। তৃণমূল নেত্রীর অভিযোগের ভিত্তিতে ঘটনার তদন্ত শুরু হয়েছে বলে পুলিশ সূত্রে জানা গিয়েছে।

## ডিওয়াইএফের প্রতিবাদ মিছিল বালুরঘাটে



অমরজিৎ সিংহ রায় ● বালুরঘাট

**আপনজন:** আরজি করের ঘটনার প্রতিবাদে বালুরঘাটে বিক্ষোভ সমাবেশ ডিওয়াইএফআই এর। সংগঠনের পক্ষ থেকে বুধবার জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিকের দপ্তরের সামনে এই বিক্ষোভ সমাবেশ করা হয়। বিক্ষোভকারীরা আরজিকর কান্ডের দোষীদের বিরুদ্ধে কঠোর শাস্তির দাবি জানায়। বিক্ষোভ সমাবেশের শেষে সংগঠনের একটি প্রতিনিধি দল জেলা মুখ্য স্বাস্থ্য আধিকার এর কাছে স্মারকলিপি তুলে দেন। এবিষয়ে সংগঠনের এক নেতা বলেন, ‘আমাদের দাবি স্পষ্ট- আরজিকর কান্ডের দোষীদের বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা নিতে হবে।’

ছড়িয়ে-ছিটিয়ে

## আরজিকর কাণ্ডে দোষীর ফাঁসির দাবি



সেখ আব্দুল আজিম ● সিঙ্গুর

**আপনজন:** হুগলির সিঙ্গুরের বড়রামবাটি আঞ্চলিক তৃণমূল কংগ্রেসের ডাকে আর জি কর কাণ্ডের নৃশংস হত্যাকারী ফাঁসির দাবিতে আঞ্চলিক সভাপতি সুশান্ত ব্যাগ এর নেতৃত্বে বলারামবাটি থেকে প্রধান উপ প্রধান গ্রাম পঞ্চায়েতের সকল সদস্য সদস্যা সহ ১৭টি বুথ থেকে ৮০০ থেকে ৯০০ তৃণমূল কংগ্রেসের কর্মীবৃন্দ পায়ে পা মিলিয়ে আজকে সুবিশে বিশাল মিছিল অনুষ্ঠিত করেন  সকালে একটাই দাবি দোষীদের ফাঁসি চাই।

# বসিরহাটে রোগী মৃত্যুকে কেন্দ্র করে উত্তেজনা



নিজস্ব প্রতিবেদক ● বসিরহাট

**আপনজন:** রোগী মৃত্যুকে কেন্দ্র করে উত্তেজনা বসিরহাট জেলা হাসপাতালে। হাসপাতালের নার্স, নিরাপত্তা কর্মীদের পাশাপাশি হাসপাতালের রোগী ও তার আত্মীয়দের মারধর করার অভিযোগ উঠল মৃতের আত্মীয়দের বিরুদ্ধে। শুক্রবার দুপুর বারোটা নাগাদ ঘটনাটি ঘটে বসিরহাট সুপার স্পেশালিটি হাসপাতাল অর্থাৎ বসিরহাট জেলা হাসপাতালে। এদিন মেল ওয়ার্ডে এই ঘটনার জেরে যখম ১০ জন, যাদের মধ্যে তিনজন হাসপাতালে চিকিৎসাধীন। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গিয়েছে, বাদুড়িয়া থানার নারকেল বেড়িয়া এলাকার বাসিন্দা বছর ৩৫ এর সামাদ মন্ডল বুকের ব্যথা নিয়ে বৃহস্পতিবার রাতে বসিরহাট জেলা হাসপাতালে ভর্তি হয়। শুক্রবার সকাল ১০ টা নাগাদ মৃত্যু হয় ওই যুবকের। রোগীর আত্মীয়দের অভিযোগ চিকিৎসার গাফিলতির কারণেই ওই যুবকের মৃত্যু হয়েছে। পরে মৃতের পরিবারের লোকজন হাসপাতাল চত্বরে এসে মৃত দেহ গাড়িতে তোলার পর হাসপাতালে ঢুকে নার্সদের পাশাপাশি ওয়ার্ড বয়, নিরাপত্তা কর্মী ও হাসপাতালে ড্রেসিং করতে আসা রোগী ও রোগীর আত্মীয়দের মারধর করে বলে অভিযোগ। ঘটনার জেরে উত্তেজনা ছড়ায় বসিরহাট সুপার স্পেশালিটি হাসপাতাল চত্বরে। খবর পেয়ে বসিরহাট থানার বিরাট পুলিশ বাহিনী ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি সামাল দেয়। হাসপাতাল কর্তৃপক্ষের অভিযোগের ভিত্তিতে বসিরহাট থানার পুলিশ তদন্ত শুরু করেছে।মৃত পরিবারের অভিযোগ, রোগীকে ঠিকমতো ওষুধ দেওয়া হয়নি। এ কারণেই তাঁর মৃত্যু হয়েছে। পরিবারের সদস্যরা বারবার হাসপাতালে কর্তৃপক্ষকে জানিয়েছেন কিন্তু কোন কাজ হয়নি। বিনা চিকিৎসায় মারা গিয়েছে আমাদের আত্মীয়।

## কঠিন বর্জ্য প্রসেসিং প্ল্যান্ট উদ্বোধন হল মেমারিতে



সেখ সামসুদ্দিন ● মেমারি

**আপনজন:** কঠিন বর্জ্য প্রসেসিং প্ল্যান্ট সলিড ওয়েস্ট ম্যানেজমেন্ট প্রকল্পে পূর্ব বর্ধমান জেলার মধ্যে মেমারি পৌরসভা প্রথম শুরু করল। এই প্রকল্পের কাজের সূচনায় রীতিমতো পুজো পাঠ করে নারকেল ফাটিয়ে ভিত্তি প্রস্তর স্থাপন করেন মেমারি পৌরসভার চেয়ারম্যান স্বপন বিষয়ী। উপস্থিত ছিলেন এক্সিকিউটিভ ইঞ্জিনিয়ার এমইডি বর্ধমান, অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার এম ই ডি বর্ধমান, মেমারি মিউনিসিপালিটির এক্সিকিউটিভ অফিসার, ফাইন্যান্স অফিসার, ভাইস চেয়ারম্যান সুপ্রিয় সামন্ত সহ সকল কাউন্সিলর ও পৌরকর্মীবৃন্দ। পাঁচ বিঘা জমির উপর ২ কোটি ৫২ লাখ টাকা অনুমোদিত ব্যয়ে এই প্রজেক্ট এর কাজ শুরু হচ্ছে মেমারি পৌরসভার ১৫ নম্বর ওয়ার্ডে। চেয়ারম্যান জানান একসময় পঞ্চায়েত এলাকায় বর্জ্য ফেলা নিয়ে চূড়ান্ত অপদস্ত হতে হয়েছিল।

## প্রাথমিক বিদ্যালয়ে ন্যাশনাল স্পেস ডে পালন



আরবাজ মোল্লা ● নদিয়অ

**আপনজন:** প্রাথমিক বিদ্যালয়ে ন্যাশনাল স্পেস ডে পালন নদীয়া। চাঁদের মাটিতে ভারতের চন্দ্রযান-৩ এর সফল অবতরণের এক বৎসর পূর্তি উপলক্ষে নদীয়ার মায়াপুর পূর্ব মোল্লাপাড়া প্রাথমিক বিদ্যালয়ে ন্যাশনাল স্পেস ডে পালন করা হয়। কোন কোন ছাত্র  ছাত্রী চন্দ্রযান-৩ মডেল বানিয়ে নিয়ে আসে এই প্রদর্শনীতে। এছাড়াও ছাত্রছাত্রীদের মধ্যে স্পেস ডে সংক্রান্ত ক্যুইজ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। বিদ্যালয়ের পক্ষ থেকে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অধিকারী কে পুরস্কৃত করা হয়। এদিন বিদ্যালয়ে প্রজেক্টরের মাধ্যমে ছাত্র-ছাত্রীদের স্পেস ডে সংক্রান্ত সৌরজগতের ভিডিও ও চন্দ্রযান-৩ এর সম্পর্কিত ভিডিও দেখানো হয়। বিদ্যালয়ের প্রধান শিক্ষক হিরণ শেখ বলেন, ঠিক এক বছর আগে এই দিনেই পৃথিবীর মধ্যে প্রথম ভারত চাঁদে চন্দ্রযান-৩ এর সফল অবতরণ করে।

প্রথম নজর

## থাইল্যান্ডে যাত্রীবাহী বিমান বিধ্বস্ত, সব আরোহী নিহত



**আপনজন ডেস্ক:** থাইল্যান্ডের রাজধানী ব্যাংককের কাছে একটি ছোট যাত্রীবাহী বিমান বিধ্বস্ত হয়েছে। বিমানটিতে ৯ জন আরোহী ছিলেন। বৃহস্পতিবার (২২ আগস্ট) এই দুর্ঘটনাটি ঘটে বলে এক প্রতিবেদনে জানিয়েছে সংবাদমাধ্যম সিএনএন।

জানা গেছে, দুর্ঘটনার পর সারা রাত অভিযান চালিয়েও কাউকে উদ্ধার করা সম্ভব হয়নি। ধারণা করা হচ্ছে, আরোহী সবাই নিহত হয়েছেন। সিএনএনের প্রতিবেদনে বলা হয়, বিমানটির দুর্ঘটনাস্থল ম্যানগ্রোভ গাছের ঘন বনে আচ্ছাদিত। কাদা মাটি পেরিয়ে উদ্ধারকর্মীরা সেখানে পৌঁছাতে সক্ষম হন। শেষ খবর পাওয়া পর্যন্ত উদ্ধার অভিযান চলছে।

চাচোয়েংসাও প্রাদেশিক কার্যালয় জানিয়েছে, ছোট বিমানটি দুপুর ২টা ৪৬ মিনিটে ব্যাংককের প্রধান আন্তর্জাতিক বিমানবন্দর থেকে ছেড়ে যায়। দেশের পূর্বে ট্রাট বিমানবন্দরের দিকে সেটি যাচ্ছিল। ১০ মিনিটের মতো উড়ার পর রাডারের সঙ্গে এর যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে পড়ে। পরে উদ্ধারকর্মীরা বিমানটির ধ্বংসাবশেষ খুঁজে পান। বিমানটিতে থাকা চারজন থাইল্যান্ডের এবং বাকিরা চীনের নাগরিক। উদ্ধারকর্মীরা কারও মৃত্যু নিশ্চিত করতে পারেনি। চাচোয়েংসাও-এর ব্যাংপাকং জেলার বাসিন্দারা বিমানটিকে আকাশ থেকে পড়তে দেখেন। তারা ব্যাপক বিস্ফোরণের শব্দ শুনেছেন। বিমান কিছু ধ্বংসাবশেষ ছুটে এসে আশেপাশের বাড়িগুলোকেও ক্ষতিগ্রস্ত করে।

এক বাসিন্দা বলেন, আমি আমার বাসার সামনে বসে ছিলাম। বিকট ইঞ্জিনের শব্দে বিমানটি আমার বাড়ির ওপর দিয়ে উড়ে গেল। এর মাত্র কয়েক সেকেন্ড পরে এটি এখানেই বিধ্বস্ত হয়।

এদিকে দুর্ঘটনার কারণ জানতে তদন্ত শুরু করেছে কর্তৃপক্ষ। তবে এখনও এর সঠিক কারণ জানা সম্ভব হয়নি।

## মহাকাশে ১৪টি স্যাটেলাইট পাঠাচ্ছে ইরান



**আপনজন ডেস্ক:** মহাকাশে আরও ১৪টি স্যাটেলাইট পাঠানোর প্রস্তুতি ইরানের। দেশটির মহাকাশ গবেষণা কেন্দ্রের প্রধান হাসান সালারিয়েহ এই ঘোষণা দিয়েছেন।

সালারিয়েহ জানান, ইরানের মহাকাশ গবেষণা সংস্থা সফলভাবে কক্ষপথে আটটি স্যাটেলাইট পাঠিয়েছে। যা স্যাটেলাইট উৎক্ষেপণের ক্ষেত্রে আগের তিন সরকারের সাফল্যের সমান।

বেসরকারি খাতের সঙ্গে যৌথ প্রকল্প হাতে নেয়ায় ইরানের মহাকাশ গবেষণা কেন্দ্র দেশীয় স্যাটেলাইট ডিজাইন ও উৎপাদনের গতি বাড়িয়েছে। সংস্থাটির ১৪টি স্যাটেলাইট উৎক্ষেপণের জন্য নির্ধারণ করা হয়েছে। আরও ৩০টি স্যাটেলাইট নির্মাণাধীন অবস্থায় আছে। এর মধ্যে ২০টি বেসরকারি খাতের মাধ্যমে নির্মাণ করা হবে।

সাম্প্রতিক বছরগুলোতে ইরানের মহাকাশ গবেষণাসহ প্রযুক্তি খাতে বিস্ময়কর অগ্রগতি হয়েছে। ২০২০ সালের এপ্রিলে প্রথম সামরিক উপগ্রহের সফল উৎক্ষেপণের ঘোষণা দেয় ইরান। পরে ২০২২ সালের মার্চে মহাকাশে দ্বিতীয় সামরিক স্যাটেলাইট পাঠায় তারা।

ইতোমধ্যে ইরানের দক্ষিণ-পূর্ব বন্দর শহর চাবাহারে মধ্যপ্রাচ্যের বৃহত্তম মহাকাশ কেন্দ্রও নির্মাণ করছে দেশটি।

## ভেনিজুয়েলায় মাদুরোকে বিজয়ী ঘোষণা করে সুপ্রিম কোর্টের রায়



**আপনজন ডেস্ক:** ভেনিজুয়েলায় প্রেসিডেন্ট নির্বাচনে নিকোলাস মাদুরো বিজয়ী হয়েছেন বলে সুপ্রিম কোর্ট বৃহস্পতিবার রায় দিয়েছেন। এ ছাড়া নির্বাচনীব্যবস্থার বিরুদ্ধে সাইবার হামলা হওয়ার প্রমাণ পাওয়া গেছে বলেও জানিয়েছেন আদালত।

ভেনিজুয়েলায় ২৮ জুলাই প্রেসিডেন্ট নির্বাচন অনুষ্ঠিত হয়। দেশটির নির্বাচন কমিশন সিএনই বর্তমান প্রেসিডেন্ট নিকোলাস মাদুরোকে বিজয়ী ঘোষণা করেছিল।

তবে সাইবার হামলার শিকার হওয়ার দাবি করে মাদুরো কত শতাংশ ভোট পেয়েছেন, তা প্রকাশ করেনি সিএনই। নির্বাচনী পর্যবেক্ষকদের অভিযোগ, ভোটের ফল যেন প্রকাশ করতে না হয় সে জন্য সাইবার হামলার অজুহাত দেখানো হয়েছে। অন্যদিকে মাদুরোর দাবি, তিনি ৫২ শতাংশ ভোট পেয়েছেন। বিষয়টি খতিয়ে দেখতে তিনি এ মাসের শুরুতে আদালতকে অনুরোধ করেছিলেন বলে সিএনই জানিয়েছে।

সেই অনুরোধের পরিপ্রেক্ষিতে বৃহস্পতিবার রায় দিয়েছেন দেশটির সুপ্রিম কোর্ট। এতে নির্বাচনে মাদুরো বিজয়ী হয়েছেন বলে ঘোষণা করা হয়। এ ছাড়া নির্বাচনী ব্যবস্থার বিরুদ্ধে সাইবার হামলা হওয়ার প্রমাণ পাওয়া গেছে বলেও জানান সুপ্রিম কোর্ট। আদালতের এমন ঘোষণার পর মাদুরোর প্রতিপক্ষ ৭৪ বছর বয়সী গনসালেস উরুটিয়া আদালতের বিরুদ্ধে মাদুরোকে 'খুশি' করার অভিযোগ তোলেন।

নির্বাচনের দিন উরুটিয়ার সমর্থকরা ভেনিজুয়েলার প্রায় ৩০ হাজার ভোটকেন্দ্রের মধ্যে প্রায় ৮০ ভাগ ভোটকেন্দ্রের ভোট গণনার কপি সংগ্রহ করতে সমর্থ হন। পরে সেগুলো অনলাইনে প্রকাশ করা হয়। এতে দেখা গেছে, উরুটিয়া দুই-তৃতীয়াংশ ভোট পেয়েছেন। তবে মাদুরোর দলের দাবি, কপিগুলো 'ভুয়া'।

জাতিসংঘের মানবাধিকার পরিষদ বৃহস্পতিবার সুপ্রিম কোর্টের নিরপেক্ষতা নিয়ে প্রশ্ন তুলেছে। আদালতের সিদ্ধান্ত প্রভাবিত করতে সরকারের পক্ষ থেকে বিচারকদের কাছে বার্তা পাঠানো হয়েছে বলেও অভিযোগ করেন জাতিসংঘের তথ্য-অনুসন্ধান প্যানেলের প্রধান মার্তা ভ্যালিনাস। এ ছাড়া হিউম্যান রাইটস ওয়াচের আমেরিকা বিভাগের পরিচালক হুয়ানিতা গ্যোবের্তুসও সুপ্রিম কোর্টের ঘোষণার নিন্দা করেছেন। চিলির প্রেসিডেন্ট গাব্রিয়েল বোরিচ সামাজিক যোগাযোগ মাধ্যমে এক পোস্টে লিখেছেন, 'সন্দেহ নেই আমরা এমন এক স্বৈরাচারের মুখোমুখি হয়েছি, যিনি নির্বাচনে প্রতারণা করেন, যারা ভিন্নভাবে চিন্তা করে তাদের দমন করেন।'

উরুগুয়ে ও গুয়াতেমালার প্রেসিডেন্টও বৃহস্পতিবার ভেনিজুয়েলার সুপ্রিম কোর্টের সিদ্ধান্তের সমালোচনা করেন। নির্বাচনে মাদুরোর জয়ের সমালোচনা করায় ভেনিজুয়েলা লাতিন আমেরিকার আটটি দেশের সঙ্গে কূটনৈতিক সম্পর্ক ছিন্ন করেছে।

## জানা গেল ইরানের প্রেসিডেন্ট ইব্রাহিম রাইসির হেলিকপ্টার বিধ্বস্তের কারণ



**আপনজন ডেস্ক:** চলতি বছরের মে মাসে হেলিকপ্টার দুর্ঘটনায় নিহত হন ইরানের প্রেসিডেন্ট ইব্রাহিম রাইসি। তার হেলিকপ্টার দুর্ঘটনার বিষয়ে চূড়ান্ত প্রতিবেদন দাখিল করেছে তদন্ত কমিটি। এতে দুর্ঘটনার পেছনে দুটি কারণকে দায়ী করা হয়েছে।

বৃহস্পতিবার (২২ আগস্ট) ইরানের আধা সরকারি বার্তা সংস্থা ফারস নিউজের বরাতে এ তথ্য জানিয়েছে বার্তা সংস্থা রয়টার্স।

তদন্ত প্রতিবেদনে বলা হয়েছে, দুর্যোগপূর্ণ আবহাওয়া এবং অতিরিক্ত যাত্রীর ওজন সামলাতে ব্যর্থ হওয়ায় ইরানের সাবেক প্রেসিডেন্ট ইব্রাহিম রাইসির হেলিকপ্টার বিধ্বস্ত হয়েছে। তদন্ত কমিটির চূড়ান্ত প্রতিবেদনে এ দুই কারণকেই দুর্ঘটনার জন্য দায়ী করা হয়েছে।

এর আগে গত মে মাসে সেনাবাহিনীর একটি প্রাথমিক তদন্ত প্রতিবেদন দাখিল করা হয়। এতে বলা হয়, দুর্ঘটনার পেছনে কোনো পক্ষের হস্তক্ষেপ বা হামলার প্রমাণ পাওয়া যায়নি।

নাম প্রকাশে অনিচ্ছুক নিরাপত্তা সূত্র জানিয়েছে, ইব্রাহিম রাইসির হেলিকপ্টার দুর্ঘটনার তদন্ত শেষ হয়েছে। এটি নিছক দুর্ঘটনা ছাড়া কিছু নেই।

প্রতিবেদনে বলা হয়েছে, হেলিকপ্টার দুর্ঘটনার পেছনে দুটি কারণ শনাক্ত হয়েছে। এ দুটি হলো হেলিকপ্টারটি উড্ডয়নের জন্য আবহাওয়া উপযুক্ত ছিল না। এ ছাড়া এতে সক্ষমতার চেয়ে অন্তত দুজন বেশি বেশি যাত্রী ছিলেন। এর ফলে দুর্ঘটনায় পড়ে হেলিকপ্টারটি।

গত ১৯ মে দেশটির পূর্ব আজারবাইজান প্রদেশের জোলফা এলাকার কাছে দুর্ঘটনার কবলে পড়ে ইরানের সাবেক প্রেসিডেন্ট ইব্রাহিম রাইসির হেলিকপ্টার। এ সময় হেলিকপ্টারে তিনি ছাড়াও দেশটির পররাষ্ট্রমন্ত্রী হোসেইন আমির আব্দুল্লাহিয়ান, পূর্ব আজারবাইজানের গভর্নর মালেক রহমতি ও এই প্রদেশে ইরানের সর্বোচ্চ নেতার মুখপাত্র আয়াতুল্লাহ মোহাম্মদ আলী আলে-হাশেম ছিলেন।

প্রেসিডেন্টের হেলিকপ্টার দুর্ঘটনার বিষয়ে ২৩ মে প্রথম দেশটির সেনাবাহিনী প্রতিবেদন দাখিল করে। এতে বলা হয়, হেলিকপ্টারের ধ্বংসাবশেষে গুলি বা বুলেটের কোনো চিহ্ন পাওয়া যায়নি। পাহাড়ের ঢালে আঘাতের কারণেই বিমানে আগুন ধরে যায় বলেও নিশ্চিত করেন তদন্তকারীরা। সেনাবাহিনীর তদন্তে আরো বলা হয়, হেলিকপ্টারটি নির্ধারিত রুট থেকে বিচ্যুত হয়নি। এমনকি এটি বিধ্বস্ত হওয়ার দেড় মিনিট আগেও অন্য দুটি পাইলটের সঙ্গে এর যোগাযোগ ছিল।

ইব্রাহিম রাইসি ইরানের অষ্টম প্রেসিডেন্ট তিনি। একাধারে রাজনীতিবিদ ও বিচারক রাইসি বিশ্ব রাজনীতিতেও অন্যতম প্রভাবশালী নেতাদের একজন। ইব্রাহিম রাইসি ইরানের সর্বোচ্চ ধর্মীয় নেতা আয়াতুল্লাহ আলি খামেনির ঘনিষ্ঠজন হিসেবেও পরিচিত। প্রেসিডেন্ট হওয়ার আগে দেশটির প্রধান বিচারপতি হিসেবেও দায়িত্ব পালন করেন তিনি। তার কারণেই দেশটিতে মৃত্যুদণ্ডের সংখ্যা কমেছে।

তিন বছর আগে ইরানের প্রেসিডেন্ট নির্বাচিত হওয়ার আগে ইব্রাহিম রাইসিকে মনে করা হতো একদিন দেশটির সর্বোচ্চ ধর্মীয় নেতা আয়াতুল্লাহ খামেনির উত্তরসূরি হবেন।

## আনুষ্ঠানিকভাবে দলীয় মনোনয়ন নিলেন কমলা হ্যারিস



**আপনজন ডেস্ক:** আমেরিকার আসন্ন প্রেসিডেন্ট নির্বাচনে ডেমোক্রেটিক পার্টির প্রার্থী হিসেবে আনুষ্ঠানিকভাবে দলীয় মনোনয়ন গ্রহণ করেছেন বর্তমান ভাইস প্রেসিডেন্ট কমলা হ্যারিস।

বৃহস্পতিবার শিকাগোয় দলের চার দিনের জাতীয় সম্মেলনের শেষে রাতে তিনি মনোনয়ন গ্রহণ করেন বলে সংবাদমাধ্যম ইউএসএ টুডে এক প্রতিবেদনে জানিয়েছে।

মনোনয়ন গ্রহণ করে দেশবাসীর উদ্দেশে কমলা হ্যারিস বলেন, 'আমার বিশ্বাস ২০২৪ সালের নির্বাচন হলো আমেরিকার ভবিষ্যতের জন্য লড়াই। আমেরিকানদের প্রেসিডেন্ট হব। এই মনোনয়ন একটি নতুন পথ তৈরি করার সুযোগ।'

তিনি বলেন, 'এই নির্বাচনের মাধ্যমে আমাদের জাতির কাছে অতীতের তিক্ততা, নিন্দাবাদ এবং বিভেদমূলক যুদ্ধকে অতিক্রম করার একটি মূল্যবান, ক্ষণস্থায়ী সুযোগ রয়েছে। কোনো একটি দল বা উপদলের সদস্য হিসেবে নয়, আমেরিকান হিসেবে কাজ করব।'

কমলা বলেন, আমি সবসময় ইসরায়েলের আত্মরক্ষার অধিকারের পক্ষে থাকবো। একই সঙ্গে গাজার দুর্ভোগের মাত্রা হৃদয়বিদারক উল্লেখ করে তিনি বলেন, ফিলিস্তিনিদের আত্মস্বীকৃতির পক্ষেও কাজ করবো। গর্ভপাতের অধিকার রক্ষায় কাজ করার প্রতিজ্ঞাও করেছেন তিনি।

এদিকে, রিপাবলিকান প্রেসিডেন্ট মনোনীত প্রার্থী ডোনাল্ড ট্রাম্প হ্যারিসের বক্তৃতার সমালোচনা করে তার নিজস্ব সামাজিক যোগাযোগমাধ্যম ট্রুথ সোশ্যালে লিখেছেন, তিনি যেসব বিষয়ে অভিযোগ করছেন, সেসব বিষয়ে তিনি কেন এতদিন কিছুই করেননি? ২০২৪ সালের বেশিরভাগ সময়ই প্রেসিডেন্ট জো বাইডেনের হয়ে দলীয় নির্বাচনে অংশ নিয়েছেন কমলা হ্যারিস। তবে বৃহস্পতিবার তিনি প্রচারণায় আসেন নতুন পরিচয়ে। তার নেতৃত্বেই ভোটে লড়বে ডেমোক্র্যাটিক পার্টি।

চলতি বছরের ৫ নভেম্বর যুক্তরাষ্ট্রে প্রেসিডেন্ট নির্বাচন হবে। এই নির্বাচনে কমলার প্রতিপক্ষে রিপাবলিকান পার্টির প্রার্থী ও সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। প্রথম কৃষ্ণাঙ্গ ও প্রথম দক্ষিণ এশীয় হিসেবে নারী হিসেবে প্রেসিডেন্ট পদে কমলার প্রার্থিতা যুক্তরাষ্ট্রের রাজনৈতিক ইতিহাসে বড় চমক। আর যদি ট্রাম্পকে পরাজিত করতে পারেন, তাহলে তবে তিনিই হবেন যুক্তরাষ্ট্রের প্রথম নারী প্রেসিডেন্ট।

## দক্ষিণ কোরিয়ায় হোটেলে ভয়াবহ আগুন, নিহত ৭



**আপনজন ডেস্ক:** দক্ষিণ কোরিয়ার রাজধানী সিউলের একটি হোটেলে ভয়াবহ অগ্নিকাণ্ডে অন্তত ৭ জনের মৃত্যু হয়েছে। এ ঘটনায় আহত হয়েছে আরো অন্তত ১১ জন। বৃহস্পতিবার (২২ আগস্ট) এক প্রতিবেদনে এ তথ্য জানিয়েছে বার্তা সংস্থা ইয়োনহাপ নিউজ এজেন্সি।

প্রতিবেদনে জানানো হয়, বৃহস্পতিবার (২২ আগস্ট) স্থানীয় সময় সন্ধ্যার দিকে রাজধানীর দক্ষিণে বুচেওন এলাকায় অবস্থিত ৯ তলা ওই হোটেলটিতে আগুন লাগে। আগুনের ব্যাপ্তি বেশ বড়, কারণ ফায়ার সার্ভিসের ৪৬টি ট্রাক এবং ১৫০ জন কর্মী আগুন নেভানোর চেষ্টা করে যাচ্ছেন, কিন্তু এখনও সফল হননি।

এদিকে ঠিক কী কারণে আগুন লাগল– তা এখনও জানা যায়নি। ফায়ার সার্ভিসের এক কর্মকর্তা বলেছেন, 'নিহতের সংখ্যা আরো বৃদ্ধির আশঙ্কা রয়েছে। আপাতত আমরা আগুন নেভানোর দিকেই মনোযোগ দিচ্ছি।'

ছড়িয়ে-ছিটিয়ে

## বিশ্বজুড়ে স্বৈরশাসনের বিরুদ্ধে লড়াইয়ের ঘোষণা কমলার



**আপনজন ডেস্ক:** মার্কিন প্রেসিডেন্ট নির্বাচনে ডেমোক্রেটিক পার্টির প্রার্থী হিসেবে আনুষ্ঠানিকভাবে দলীয় মনোনয়ন গ্রহণ করেছেন বর্তমান ভাইস প্রেসিডেন্ট কমলা হ্যারিস।

বৃহস্পতিবার রাতে শিকাগোতে ডেমোক্রেটিক পার্টির চার দিনের জাতীয় সম্মেলনের শেষ দিনে এই মনোনয়ন গ্রহণের সময় তিনি বলেছেন, 'আমি সব আমেরিকানের প্রেসিডেন্ট হওয়ার প্রতিশ্রুতি দিচ্ছি।'

ভাষণে কমলা হ্যারিস গাজা যুদ্ধ বন্ধের আহ্বান জানিয়ে বলেন, এখন জিম্মিদের ফেরানোর চুক্তি ও একটি যুদ্ধবিরতি চুক্তি করার সময় এসেছে। একইসঙ্গে তিনি বিশ্বজুড়ে স্বৈরশাসনের বিরুদ্ধে লড়াই করার অঙ্গীকার করেন।

কমলা তার মনোনয়ন গ্রহণের ভাষণে বলেন, আমেরিকানদের অতীতের তিক্ততা, নিন্দাবাদ ও বিভেদমূলক লড়াইকে পেছনে ফেলে এগিয়ে যেতে হবে। তিনি জানান, দেশের উন্নতি কোনো নির্দিষ্ট দল বা উপদলের সদস্য হিসেবে নয়, বরং আমেরিকান হিসেবে সম্ভব হবে।

আগামী ৫ নভেম্বর যুক্তরাষ্ট্রে প্রেসিডেন্ট নির্বাচন অনুষ্ঠিত হবে, যেখানে কমলার প্রতিপক্ষ রিপাবলিকান পার্টির প্রার্থী ডোনাল্ড ট্রাম্প। ট্রাম্পকে 'অবিবেচক মানুষ' হিসেবে বর্ণনা করে কমলা বলেন, ৫ নভেম্বরের প্রেসিডেন্ট নির্বাচনে ট্রাম্পকে হারানোটা জরুরি এবং অপরিহার্য। তিনি উল্লেখ করেন, ট্রাম্প মার্কিন ভোটারদের রায় ছুড়ে ফেলার চেষ্টা করেছিলেন এবং ব্যর্থ হলে একটি সশস্ত্র জনতাকে ক্যাপিটলে পাঠিয়ে আইনপ্রয়োগকারীদের ওপর হামলা চালান।

ইসরায়েল প্রসঙ্গে কমলা বলেন, আমি সব সময় যুক্তরাষ্ট্রের ঘনিষ্ঠ মিত্র ইসরায়েলকে রক্ষা করবো। তবে গাজা যুদ্ধ নিয়ে তিনি আরও বলেন, গত বছরের ৭ অক্টোবর হামাসের হামলা নিন্দনীয়, কিন্তু গত ১০ মাস ধরে গাজায় যা ঘটেছে, তা ধ্বংসাত্মক।

কমলা তার ভাষণে ইউক্রেন প্রসঙ্গও উল্লেখ করেন এবং জানান, তিনি ইউক্রেন ও ন্যাটো মিত্রদের পাশে দৃঢ়ভাবে থাকবেন। তিনি আরও বলেন, গণতন্ত্র ও স্বৈরাচারের মধ্যকার স্থায়ী সংগ্রামে, যুক্তরাষ্ট্রের অবস্থান পরিষ্কার। মার্কিন ভোটারদের আশাবাদী হওয়ার আহ্বান জানিয়ে তিনি বলেন, আমাদের একসঙ্গে এগিয়ে যেতে হবে।

### সেহেরী ও ইফতারের সময়

সেহেরী শেষ: ভোর ৩.৫৪মি.
ইফতার: সন্ধ্যা ৬.০৬ মি.



### নামাজের সময় সূচি

| ওয়াক্ত | শুরু | শেষ |
|---|---|---|
| ফজর | ৩.৫৪ | ৫.১৭ |
| যোহর | ১১.৪৪ | |
| আসর | ৪.১১ | |
| মাগরিব | ৬.০৬ | |
| এশা | ৭.১৯ | |
| তাহাজ্জুদ | ১১.০১ | |

## হামলার আশঙ্কায় জার্মানিতে ন্যাটোর ঘাঁটিতে বাড়তি সতর্কতা



**আপনজন ডেস্ক:** রাশিয়ার হামলার মুখে ইউক্রেনকে সক্রিয় মদত দেওয়া সত্ত্বেও পশ্চিমা জগত এখনো সরাসরি যুদ্ধে জড়িয়ে পড়েনি। কিন্তু মৌখিক প্রতিবাদ ও হুমকির পাশাপাশি রাশিয়া সামরিক জোট ন্যাটোর বিরুদ্ধে নাশকতামূলক কার্যকলাপ চালানোর চেষ্টা করছে বলে সন্দেহ বাড়ছে। জার্মানির কোলন শহরের কাছে এক সামরিক ঘাঁটিতে এমন নাশকতার চেষ্টার পর সে দেশেই ন্যাটোর এক ঘাঁটির ওপর 'সম্ভাব্য হুমকি'র মুখে নিরাপত্তা বাড়ানো হয়েছে।

## কায়রোয় যুদ্ধবিরতি আলোচনা, বিরোধের কেন্দ্রে সীমান্ত করিডর



**আপনজন ডেস্ক:** মিসর সীমান্তসংলগ্ন একটি সংকীর্ণ ভূখণ্ড ইসরায়েল ও হামাসের মধ্যে গাজা যুদ্ধবিরতি আলোচনায় প্রধান বাধা হয়ে দাঁড়িয়েছে। গাজায় যুদ্ধবিরতি ও জিম্মি মুক্তি নিয়ে মিসরের কায়রোয় নতুন দফা আলোচনা শুরু হয়েছে। ইসরায়েলি প্রতিনিধিদল শুক্রবার কায়রোয় তাদের প্রতিনিধি পাঠিয়েছে। গাজা নিয়ন্ত্রণকারী সংগঠন হামাস এবারও আলোচনায় সরাসরি অংশ নেয়নি। ফিলাডেলফি বা সালাহেদ্দিন করিডরটি স্থায়ীভাবে ইসরায়েলের নিয়ন্ত্রণে রাখতে চান ইসরায়েলি প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু। গত অক্টোবর থেকে গাজায় হামলা চালানো শুরু করার পর এই করিডরটি নিজেদের কবজায় নেয় ইসরায়েল। সীমান্তের সঙ্গে টহল রাস্তাটি ১৪ কিলোমিটার পর্যন্ত কাঁটাতারের বেড়া দিয়ে সুরক্ষিত এবং রাস্তাটির সংকীর্ণ পয়েন্টটি ১০০ মিটার চওড়া। বলা হয়ে থাকে, এর নিচ দিয়ে অবৈধভাবে মালামাল আনতে সুড়ঙ্গ খোঁড়া রয়েছে। ১৯৬৭ সাল থেকে ২০০৫ সাল পর্যন্ত গাজা যখন ইসরায়েলের সরাসরি দখলে ছিল তখন এই ফিলাডেলফি করিডরটি ইসরায়েলি বাহিনী নির্মাণ করেছিল। ২০০৫ সালে ইসরায়েল ও মিসর করিডরটিকে বাফার জোন বা নিরপেক্ষ অঞ্চল হিসেবে প্রতিষ্ঠা করেছিল।

## পাকিস্তানে দস্যুদের হামলায় ১২ পুলিশ সদস্য নিহত



**আপনজন ডেস্ক:** পাকিস্তানের পাঞ্জাব প্রদেশে দস্যুদের হামলায় ১২ পুলিশ সদস্য নিহত হয়েছেন। এ ঘটনায় আহত হয়েছেন আরো ৭ জন। বৃহস্পতিবার প্রদেশটির রহিম ইয়ার খান এলাকার কাচা শহরে এ হামলা ঘটে। পুলিশ জানিয়েছে, দস্যুদের ধরতে দুটি ভ্যানে করে রহিম ইয়ার খান এলাকার মরুভূমিতে টহল দিচ্ছিলেন ২০ জনেরও বেশি পুলিশ সদস্য। টহলের এক পর্যায়ে তারা বৃষ্টিতে আটকা পড়েন। সে সময় তাদের ওপর হামলা চালানো হয়। হামলাকারীরা রকেটচালিত গ্রেনেডও ব্যবহার করেছিল।

পাঞ্জাব পুলিশ প্রধান আহতদের উদ্ধার করে স্থানীয় হাসপাতালে চিকিৎসার জন্য পাঠিয়েছেন। তিনি তাদের উন্নত চিকিৎসার ব্যবস্থা করার কথা জানিয়েছেন।

প্রদেশটির মুখ্যমন্ত্রী মরিয়ম নওয়াজ এ ঘটনায় তীব্র নিন্দা জানিয়ে প্রতিশোধ নেয়ার ঘোষণা দিয়েছেন।

পুলিশের ওপর ডাকাতদের এই হামলার নিন্দা জানিয়েছেন পাকিস্তানের স্বরাষ্ট্রমন্ত্রী মহসিন নকভি। সেই সঙ্গে নিহত পুলিশদের প্রতি শ্রদ্ধা জানিয়েছেন তিনি। এদিকে, এক বিবৃতিতে এ ঘটনায় জড়িতদের বিরুদ্ধে দ্রুত ও কঠোর কার্যকর পদক্ষেপ নেওয়ার আহ্বান জানিয়েছেন পাকিস্তানের প্রধানমন্ত্রী শাহবাজ শরিফ।

পাকিস্তানের দক্ষিণাঞ্চলে পাঞ্জাব ও সিন্ধু প্রদেশে প্রায়ই স্থানীয়দের অপহরণ করে মুক্তিপণ আদায় করে থাকে দস্যুরা।



আপনজন
ইনসাফের পক্ষে নির্ভীক কণ্ঠস্বর
১৯ বর্ষ, ২২৯ সংখ্যা, ৮ ভাদ্র ১৪৩১, ১৮ সফর, ১৪৪৬ হিজরি

## মাংকিপক্স ও গুজব

মহামারি কী জিনিস, তাহা চার বৎসর পূর্বে সারা বিশ্ব দেখিয়াছে। করোনা মহামারির সমাপ্তি ঘটিলেও এখনো তাহার অভিঘাত কাটাইয়া উঠিতে পারে নাই বিশ্বের অনেক দেশ। ইহারই মধ্যে চোখ রাঙাইতেছে মাংকিপক্স নামের গুটিবসন্ত গোত্রের রোগ। আফ্রিকান অঞ্চলে মাংকিপক্স পরিস্থিতি জটিল হইয়া উঠিতেছে। বিশ্বের অনেক দেশেই ছড়াইয়া পড়িতেছে রোগটি। স্বাভাবিকভাবেই উপায়ান্তর না দেখিয়া গত ১৪ আগস্ট এই ভাইরাসের সতর্কতায় বিশ্বব্যাপী জরুরি অবস্থা জারি করিয়াছে বিশ্ব স্বাস্থ্য সংস্থা। সংস্থাটির মতে, এই রোগের সংক্রমণ ছড়াইয়া পড়া ঠেকাইতে এবং মানুষের জীবন বাঁচাইতে একটি সমন্বিত আন্তর্জাতিক পদক্ষেপ গ্রহণ করা অপরিহার্য। দ্য আফ্রিকা সেন্টার ফর ডিজিস কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশনের তথ্যমতে, এই বৎসরের জুলাই অবধি সাড়ে ১৪ হাজার মানুষ ভাইরাসটিতে আক্রান্ত হইয়াছে। এই সময় পাঁচ শতাধিক আক্রান্ত ব্যক্তির মৃত্যু হইয়াছে।

মাংকিপক্স নূতন কোনো ভাইরাস নহে। ১৯৫৮ সালে ডেনমার্কে একটি বানরের দেহে প্রথম এই রোগটি শনাক্ত হয় বলিয়া ইহাকে মাংকিপক্স বলা হয়। তবে বানর এই রোগের জন্য দায়ী নহে। মাংকি পক্সের দুইটি প্রধান ধরন রহিয়াছে, যাহাকে বলা হয়-ক্লেড ১ ও ক্লেড ২। ২০২২ সালেও একবার এমপক্স লইয়া 'জরুরি স্বাস্থ্য অবস্থা' ঘোষণা করিয়াছিল বিশ্ব স্বাস্থ্য সংস্থা। ক্লেড ২ ধরনের তুলনামূলক মৃদু সংক্রমণে জারি করা হইয়াছিল এই জরুরি অবস্থা। তবে আশঙ্কার কথা হইল, এখন আরো অধিক প্রাণঘাতী ক্লেড ১-এর সংক্রমণ দেখা যাইতেছে। ইতিপূর্বে এই ধরনের সংক্রমিত ব্যক্তিদের মধ্যে মৃত্যুর হার ছিল ১০ শতাংশ পর্যন্ত। গবেষণায় দেখা গিয়াছে, ২০২২ সালের সেপ্টেম্বরের দিকে এমপক্সের ভাইরাসের রূপ বদল হয়। এই রূপান্তরে তৈরি হওয়া নূতন ধরনটির নাম ক্লেড ১বি। তখন হইতেই ইহা দ্রুত ছড়াইতেছে। মনে রাখিতে হইবে, একটি ভাইরাস যত অধিক ছড়ায়, তত অধিক ইহার রূপবদল ঘটে। করোনার ক্ষেত্রে বারংবার রূপবদলের কারণে বিপদের মাত্রা সারা বিশ্বই দেখিয়াছে। সেই কারণে মাংকিপক্স অধিক ছড়াইলে উহার কোনো একটি ধরন আরো অধিক বিপজ্জনক ও অধিক সংক্রামক হইয়া উঠিতে পারে। এই ধরনের ভাইরাসের বিপদ এইখানেই। তাহা ছাড়া এই ভাইরাসে মৃত্যুর হার যথেষ্ট অধিক। জানা গিয়াছে, আক্রান্ত ব্যক্তির নিবিড় সংস্পর্শ, যেমন শারীরিক সম্পর্ক, ত্বকের স্পর্শ, এমনকি খুব নিকট হইতে কথাবার্তা বলা বা শ্বাস-প্রশ্বাসের মাধ্যমে ছড়াইয়া থাকে এমপক্স। এই রোগের উপসর্গ ফ্লুর মতো। ভাইরাসটি বায়ুবাহিত এবং প্রায় চার দিন অবধি বাতাসে টিকিয়া থাকিতে পারে। ইহার অর্থ, এই সময়কালে ইহার সংক্রামক ক্ষমতা থাকে। এই রোগে আক্রান্তদের মুখ, হাত, বুক ও নিম্নাঙ্গে ফোসকা বা ফুসকুড়ির মতো দেখা যায়।

বিশ্ব স্বাস্থ্য সংস্থা বলিতেছে, স্মলপক্স বা গুটিবসন্তের জন্য ব্যবহৃত টিকা মাংকিপক্স প্রতিরোধে শতকরা ৮৫ ভাগ কার্যকর। এই টিকার মাধ্যমে ২০২২ সালে ইহার সংক্রমণ অনেকখানি নিয়ন্ত্রণ করা হইয়াছিল। এই বৎসর ইতিপূর্বে পাকিস্তানে এই রোগে আক্রান্তের খবর পাওয়া গিয়াছে। উপমহাদেশের জনঘনত্ব অধিক বিধায় যে কোনো সংক্রমণ রোগ উপমহাদেশের জন্য অধিক বিপদের। সুতরাং উপমহাদেশে এই রোগ প্রবেশ করিলে তাহা প্রতিরোধের জন্য সংশ্লিষ্ট বিভাগগুলিকে অধিক দায়িত্বশীল হইতে হইবে। করোনা প্রতিহতের অভিজ্ঞতা আমাদের রহিয়াছে। যদিও ইহা করোনার মতো নহে। তবে মাংকিপক্স গুটিবসন্ত গোত্রের রোগ বিধায় গুটিবসন্তের যেই ভ্যাকসিন রহিয়াছে, তাহা দিয়াই আপৎকালীন পরিস্থিতি সামলাইবার চেষ্টা চলিতেছে। গুটিবসন্ত অনেক পূর্বেই পৃথিবী হইতে বিলুপ্ত হইয়া গিয়াছে। এই ভ্যাকসিন সেই কারণে উৎপাদন করা হয় না। ইহা সারা বিশ্বের সমস্যা, সুতরাং ইহাকে মোকাবিলাও করিতে হইবে বৈশ্বিকভাবে। যে কোনো মহামারির আশঙ্কার পরিস্থিতিতে অনেক ধরনের গুজব ছড়ায়। সুতরাং অহেতুক আতঙ্ক ও গুজব যাহাতে না ছড়ায় সেই দিকেও খেয়াল রাখিতে হইবে।

# সমাজ ও দেশ গঠনে ছাত্র-ছাত্রীদের প্রতিনিধিত্ব ও মতামত অপরিহার্য



ছাত্র সমাজ দেশের ভবিষ্যৎ। ছাত্রসমাজ সচেতন ও সজাগ থাকলে দেশ ও সমাজ ব্যবস্থা তরতর করে চলে। দেশ ও সমাজের উন্নয়নে ছাত্র সমাজের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। আজ নয়, কাল নয়,তারা সাময়িকভাবে জাগ্রত হয়ে দেশের মানচিত্র ও সমাজ ব্যবস্থার পরিবর্তন করে দিয়েছে। বেশ কিছুদিন থেকে প্রতিবেশী দেশ বাংলাদেশে ছাত্র বিক্ষোভ ও আন্দোলন চলছে। তা সামাল দিতে হিমসিম খাচ্ছে সরকার ও নিরাপত্তা বাহিনী। লিখেছেন **ড. মুহাম্মদ ইসমাইল..**



ছাত্র সমাজ দেশের ভবিষ্যৎ। ছাত্রসমাজ সচেতন ও সজাগ থাকলে দেশ ও সমাজ ব্যবস্থা তরতর করে চলে। দেশ ও সমাজের উন্নয়নে ছাত্র সমাজের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। আজ নয়, কাল নয়,তারা সাময়িকভাবে জাগ্রত হয়ে দেশের মানচিত্র ও সমাজ ব্যবস্থার পরিবর্তন করে দিয়েছে। বেশ কিছুদিন থেকে প্রতিবেশী দেশ বাংলাদেশে ছাত্র বিক্ষোভ ও আন্দোলন চলছে। তা সমাল দিতে হিমসিম খাচ্ছে সরকার ও নিরাপত্তা বাহিনী। দেশের আয়ের বৃহত্তর অংশ খরচ করে লক্ষ লক্ষ সেনাবাহিনী নিয়োজিত ও কত রকমের নিরাপত্তা বাহিনীকে উপেক্ষা করে প্রাণ বাজি রেখে দেশের সর্বত্র বিক্ষোভ চলছে। রাজপথে বন্দুকের আওয়াজ, বুলেটের শব্দ ও নির্মম পুলিশের ফায়ারিং বুক পেতে নিচ্ছে। কয়েকশো ছাত্র নিহত ও আহত কয়েক হাজার। সরকার ও তার নিরাপত্তা বাহিনী কড়া পদক্ষেপ গ্রহণ করলেও তা বেগতিক দেখে কয়েকদিনের মাথায় পিছনে সরল ।যুদ্ধকালীন তৎপরতার সাথে তাদের দাবি-দাওয়া মেনে নিয়ে পাশ হয়ে যাওয়া সংরক্ষণ আইন বাতিল করে নতুন আইন প্রণয়ন হলো। তারপর দেশের নানা সমস্যা ও শাসকের একতরফা কাজকর্মের বিরুদ্ধে আন্দোলন জারি রেখেছিল। আন্দোলনরত ছাত্রছাত্রীরা জুলুম ও অত্যাচার থেকে রক্ষা পেতে একত্রিত হয়ে প্রতিবাদ জারী রাখে এবং বাংলাদেশের রাজপথ থেকে শুরু করে সর্বত্র ছড়িয়ে পড়ে।যদিও অভিযোগ বাংলাদেশে রাত কাটানো ভয়ঙ্কর ছিলো কারণ আন্দোলনকারী ছাত্র ছাত্রী দের গ্রেফতার করা হচ্ছিল। দেশের সর্বত্র বিদ্রোহ ছড়িয়ে পড়ে ও অধিকাংশ জায়গা ছাত্ররা দখল নেয়।

অবশেষে ছাত্ররা দখল নিলো বাংলাদেশের ও দেশের প্রধানমন্ত্রী বাধ্য হয়ে পদত্যাগ করে দেশ ছাড়লো ছোট বোনকে সঙ্গে নিয়ে। আসলে ছাত্রেরা পথে নামলে সমগ্র দেশের জনতা পথে নামতে বাধ্য হয়। ছাত্রসমাজ পারে আবর্জনা মুক্ত করে দেশ ও সমাজ ব্যবস্থা গড়ে তুলতে। ছাত্র-ছাত্রীদের নানা ভূমিকা ইতিহাসে লিপিবদ্ধ রয়েছে এবং তারা পারে সমাজব্যবস্থাকে অবক্ষয়ের হাত থেকে রক্ষা করতে। তাদের প্রচেষ্টায়, নানা দেশ আজ উন্নতির শিখরে। তবে যে দেশের ছাত্র সমাজ যত বেশি সচেতন, সেই দেশের সমাজ ততো বেশি উন্নত ও সুন্দর। শুধু তাই নয়, বিশ্বের নানা শিক্ষাপ্রতিষ্ঠান ও সমাজ ব্যবস্থা পর্যালোচনা করলে পরিষ্কার চিত্র পরিস্ফুটিত হয়। সমাজ ব্যবস্থা ও সচেতনতা গড়ে তোলার জন্য গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে তাদের । পড়াশোনা করে চাকরি,কর্মসংস্থান,বিজ্ঞানী, ডক্টর ও গবেষক হওয়া যতটা কঠিন ব্যাপার, পড়াশোনার পর সমাজ ব্যবস্থার পরিবর্তন ও সমগ্র দেশের উন্নয়ন নিয়ে কাজ করা ততটাই গুরুত্বপূর্ণ।তবে আজকের দিনকালে দেশ ও সমাজের প্রতিনিধিত্ব করা সহজ নয়। আর এমন কাজের উৎসাহ যোগায় উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানের বিভিন্ন ছাত্র সংগঠন। যদিও আজকের দিনে বিভিন্ন রাজনৈতিক দলের ছত্রছায়ায় নানা সংগঠন গড়ে উঠেছে বিভিন্ন রাজনৈতিক দলের আদর্শে। তা সত্ত্বেও ছাত্র সংগঠনের গুরুত্ব অপরিসীম।গত কয়েক দশক ধরে ভারতবর্ষে ছাত্রসংগঠনকে নানাভাবে দমানো হচ্ছে রাজনৈতিক স্বার্থে। তার ফলে ভারতবর্ষের উচ্চশিক্ষা প্রতিষ্ঠানগুলোতে আশির দশকের পর থেকে ২০১০ সাল পর্যন্ত যে ছাত্র সংগঠনগুলো সক্রিয় ছিল, আজ বিন্দুমাত্র নেই সরকারের স্বৈরাচারী মনোভাবের জন্য।

সরকারি নানা কার্যক্রম, নিত্য প্রয়োজনীয় জিনিসপত্রের দাম, নাগরিক অধিকার, বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক সমস্যা নিয়ে তারা সতর্ক প্রহরীর মত ছিল। তা নিয়ে সোচ্চার ও প্রতিবাদ মিছিল দেখা যেত। শুধু তাই নয়, চলমান ঘটনা ও দেশের অবস্থা নিয়ে আলোচনা সভা, ডেপুটেশন, ধরনা, গণস্বাক্ষর সংগ্রহ, বিভিন্ন প্রতিবাদ সভা আয়োজিত হতো বিভিন্ন পর্যায়ে। তার ফলে সরকার ও সরকার পোষিত নানা সংগঠন বিভিন্ন সিদ্ধান্ত নেওয়ার আগে সতর্ক থাকত। কিন্তু ভারতবর্ষের ছাত্র সংগঠনগুলোকে নানাভাবে দুর্বল করার ফলে সাধারণ মানুষের অধিকার ও কণ্ঠ প্রতিরোধ হয়েছে।

**নিয়োগে দুর্নীতি, কর্মসংস্থান নেই এবং বেকারত্ব প্রভৃতি সমস্যা নিয়ে কথা বলার মত কোন প্লাটফর্ম নেই। তার ফলে বিভিন্ন আঞ্চলিক নিয়োগ কমিশন ও সংস্থাগুলোকে তুলে দিয়েছেন। ফলে বঞ্চিত হচ্ছেন লোকাল মানুষ ও চাকরি প্রার্থীরা নানাভাবে। আজকের দিনের কলকাতার পার্শ্ববর্তী নেতা-নেত্রী ও শিক্ষকেরা সম্পূর্ণভাবে নিয়ন্ত্রণ করছে সবকিছুই। তার ফলে প্রান্তিক জেলাগুলোর বঞ্চনা বৃদ্ধি পেয়েছে আপনত্ব রক্ষা করতে গিয়ে। আজকাল রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে যেতে হয় রাজ্যের রাজধানী ও তার পার্শ্ববর্তী গড়ে ওঠা নানা কার্যালয় ও সংস্থায়। তাই আমাদের মত রাজ্য ও দেশে ছাত্র সংগঠনের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। সমাজের নানা সচেতনতা ও গঠনমূলক কার্যক্রমে ছাত্র সংগঠন অপরিহার্য।**

দেশের গুরুত্বপূর্ণ পাঁচ তারা বিশ্ববিদ্যালয় থেকে শুরু করে গবেষক, নোবেল লরেট, শিক্ষক তৈরির পাশাপাশি তৈরি হতো কানাইয়া কুমার, প্রকাশ করাত,দিপ্সিতা ধরের মতো বহু নেতৃত্ব। ছাত্র সংগঠনগুলো কেন্দ্র ও রাজ্য সরকারের নানা সিদ্ধান্তের বিরোধিতা করে পথে নামতো। কিন্তু আজকের দিনে রাজনৈতিক গতভাবে বিভিন্ন রাজ্য থেকে ছাত্র সংগঠন ও তাদের ভোট বন্ধ করে অকেজো করা হয়েছে। তার ফলে শিক্ষা প্রতিষ্ঠানগুলো লাগামহীন ভাবে স্বৈরাচারী মনোভাব পোষণ করছেন ও ছাত্র-ছাত্রীরা প্রয়োজনীয় নানা সুযোগ সুবিধা থেকে বঞ্চিত হচ্ছে। ছাত্র সংগঠন শিক্ষা ব্যবস্থা ও শিক্ষা প্রতিষ্ঠানের গুরুত্বপূর্ণ অংশ হিসাবে আজও বিবেচিত। তাই তাদের একজন প্রতিনিধি উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানের পরিচালন সমিতিতে থাকতো ও আজও আছে। ছাত্র-ছাত্রীদের সমস্যা,বিভিন্ন দাবি দাওয়া এবং পঠন-পাঠনের ব্যাপারে গুরুত্বপূর্ণ মতামত ও সিদ্ধান্ত গ্রহণ করতে পারত। কিন্তু গত ২০১৪ সালের পর থেকে ভারতবর্ষে নানা অভিযোগের অযুহাতে যে ভাবে ছাত্রদের কণ্ঠ প্রতিরোধ করা হয়েছে তা অত্যন্ত দুর্ভাগ্য। তাতে করে শুধু ছাত্র সমাজের উপর প্রভাব পড়েছে তা নয়, সমগ্র সমাজ ব্যবস্থার উপর প্রভাব পড়েছে। তার ফলে এককভাবে স্বৈরাচারী মূলক কার্যক্রম ও বৈষম্য মূলক সিদ্ধান্ত গ্রহণে সুবিধা হয়েছে। শুধু তাই নয়, দেশজুড়ে দুর্নীতি, সরকারি সম্পত্তির অপব্যবহার, সরকারি সম্পত্তি বিক্রি, কর্মসংস্থান, নিয়মিত নিয়োগ বন্ধ রাখা, শিল্প, উন্নয়ন প্রভৃতি ক্ষতিগ্রস্ত হচ্ছে। সরকার নিজেদের মতো করে একক ভাবে সিদ্ধান্ত গ্রহণ করছেন। তার ফলে রাজ্য ও কেন্দ্র উভয় স্তরে নানা বিভাগে দুর্নীতি চরম আকার ধারণ করেছে। পশ্চিমবঙ্গের ইতিহাস পর্যালোচনা করলে সহজে অনুমেয় গত ২০১৪ সালের পর থেকে ছাত্র নির্বাচন প্রায় বন্ধ করা হয়েছে। তার ফলে বিভিন্ন কলেজ ও বিশ্ববিদ্যালয়ে গমগম করা অনেক ছাত্র ভবনে তালা পড়েছে। ছাত্র-ছাত্রীদের একতা, সাংগঠনিক ক্ষমতা হ্রাস পেয়েছে।

অন্যদিকে, অভিযোগ উঠেছে, বিভিন্ন সরকারি চাকরিতে দুর্নীতি, কর্মসংস্থান প্রায় শিকেয় উঠেছে। আর ডেটুকু হচ্ছে তার বিরুদ্ধে ব্যাপক দুর্নীতির অভিযোগ ঝিরে রাজ্য রাজ্যনীতি সরগরম। প্রান্তিক জেলাগুলোর বঞ্চনা বৃদ্ধি পেয়েছে আপনত্ব রক্ষা করতে গিয়ে। আজকাল রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে যেতে হয় রাজ্যের রাজধানী ও তার পার্শ্ববর্তী গড়ে ওঠা নানা কার্যালয় ও সংস্থায়। তাই আমাদের মত রাজ্য ও দেশে ছাত্র সংগঠনের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। সমাজের নানা সচেতনতা ও গঠনমূলক কার্যক্রমে ছাত্র সংগঠন অপরিহার্য। তাই দেশ ও রাজ্যজুড়ে সমাজ ব্যবস্থা ও শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে সঠিকভাবে চালানোর জন্য ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণ অত্যন্ত দরকার। মানুষের জন্য, জনসাধারণের স্বার্থে, দেশ ও সমাজ গঠনের জন্য ছাত্র সংসদ দরকার। শিক্ষা প্রতিষ্ঠানে ঠিকঠাক পড়াশোনা দেখাশোনা করার জন্য, শিক্ষক-শিক্ষিকাদের নিয়মিত প্রতিষ্ঠানে আসা-যাওয়া এবং নিয়মিত পাঠদানে কতটা সক্রিয় ভূমিকা পালন করছে তা দেখভাল করার জন্য ছাত্র সংগঠন অত্যন্ত দরকার। তাই বহুদিন ধরে বন্ধ ছাত্র সংগঠনগুলোকে চালু করার দাবি উঠুক।কারণ শিক্ষা প্রতিষ্ঠানগুলো নানাভাবে উপকৃত হবে ছাত্রদের সক্রিয় অংশগ্রহণে।

*লেখক সহকারী অধ্যাপক*
*দেওয়ান আব্দুল গণি কলেজ,*
*দক্ষিণ দিনাজপুর*
*(মতামত লেখকের ব্যক্তিগত)*

# প্রতিবেশী দেশগুলোর সঙ্গে সম্পর্কে বাধা মোদির রাজনীতি

**সুশান্ত সিং**

**ফরেন পলিসির রিপোর্ট**



দশ বছর আগে, নরেন্দ্র মোদি ভারতের প্রধানমন্ত্রী হিসেবে শপথ নেওয়ার সময়, দক্ষিণ এশিয়ার প্রতিটি দেশের নেতাকে আমন্ত্রণ জানানো হয়। এই আহ্বান তার 'নেইবারহুড ফার্স্ট' বা 'প্রতিবেশী প্রথম' বৈদেশিক নীতির প্রতিফলন ছিল। সেই সময় এই নীতির উদ্দেশ্য ছিল ভারতের ছোট প্রতিবেশী দেশগুলোর সঙ্গে সৌহার্দ্যপূর্ণ সম্পর্ক ও অর্থনৈতিক সমন্বয় গড়ে তোলা।

তবে সীমান্ত বিরোধ, দ্বিপাক্ষিক মতানৈক্য, উন্নয়ন প্রকল্পের বিলম্ব এবং এই অঞ্চলে চীনের ক্রমবর্ধমান প্রভাবের কারণে মোদির এই বৈদেশিক নীতি দ্রুত ব্যর্থ হয়ে যায়।

তবে বাংলাদেশকে ভারতের একটি সফল উদাহরণ হিসেবে দেখা হয়েছিল। শেখ হাসিনা, যিনি এই মাসে চাপের মুখে পদত্যাগ করে ভারতে চলে গেছেন, মোদির সঙ্গে ঘনিষ্ঠভাবে কাজ করেছিলেন। তাদের সম্পর্ক দুই দেশের জন্য লাভজনক মনে হয়েছিল। কিন্তু হাসিনা গণতান্ত্রিকভাবে ক্ষমতায় আসার পরও কর্তৃত্ববাদী হয়ে ওঠেন। তার বিরুদ্ধে জনমনে ক্ষোভ বাড়তে থাকে এবং সরকারি চাকরিতে কোটার বিরুদ্ধে শিক্ষার্থীদের বিক্ষোভ তার পদত্যাগের ট্রিগার হয়ে দাঁড়ায়। প্রধানমন্ত্রী হিসেবে পদত্যাগ করার পর হাসিনা ভারতে আশ্রয় নিয়েছেন, যা ভারতীয় নিরাপত্তা সংস্থার জন্য বড় একটি ধাক্কা। ভারত হাসিনাকে সমর্থন করেছিল, কিন্তু হাসিনার এই পদত্যাগ ভারতীয় কূটনীতি ও নিরাপত্তার জন্য একটি বড় সংকট হয়ে উঠেছে। মোদির অধীনে নয়াদিল্লি তার বেশিরভাগ প্রতিবেশী দেশের সঙ্গে কূটনৈতিকভাবে অসফল হয়েছে, যা ভারতের আঞ্চলিক কূটনীতি ও অভ্যন্তরীণ রাজনীতির উপর প্রভাব ফেলেছে। মোদি সরকারের হিন্দু জাতীয়তাবাদী মতাদর্শ ভারতের আঞ্চলিক স্বার্থকে ক্ষতিগ্রস্ত করেছে, বিশেষ করে বাংলাদেশে। ২০১৯ সালের নাগরিকত্ব সংশোধনী আইন (সিএএ) মুসলমানদের বাদ দিয়ে প্রতিবেশী দেশগুলোর নির্যাতিত সংখ্যালঘু গোষ্ঠীগুলোর জন্য ভারতীয় নাগরিকত্ব প্রদান করার কথা বলা হয়েছিল, যা বাংলাদেশে সমালোচনার জন্ম দেয়। ভারতীয় মুসলমানদের প্রতি বিজেপি সরকারের বৈষম্যমূলক আচরণও আন্তর্জাতিক সমালোচনার কারণ হয়েছে।

বাংলাদেশে হাসিনার শাসন আমলে অর্থনৈতিক প্রবৃদ্ধি হলেও তার শাসন কর্তৃত্ববাদী হয়ে ওঠে এবং এই পরিস্থিতি ভারতের কূটনীতির ওপর প্রভাব ফেলে। হাসিনার পদত্যাগ ভারতের গোয়েন্দা ও কূটনৈতিক ব্যর্থতার প্রমাণ হয়ে দাঁড়িয়েছে।

বাংলাদেশে ভারতের ভাবমূর্তি ক্ষুণ্ণ হয়েছে এবং ভারত প্রতিবেশী দেশগুলোর আস্থা অর্জনের সুযোগ হারিয়েছে। ভারত এখন একদিকে নিজেকে শক্তিশালী দেশ হিসেবে দেখতে চাইলেও, বাস্তবে ছোট প্রতিবেশী দেশগুলোর প্রতি তার অবস্থান দুর্বল হয়ে পড়েছে।

ভারতের সীমান্তে বাংলাদেশের জনগণের বিরুদ্ধে কঠোর আচরণের অভিযোগ রয়েছে এবং মালদ্বীপের সঙ্গে কূটনৈতিক দ্বন্দ্বও রয়েছে। মোদির রাজনৈতিক কৌশল এই অঞ্চলে বিপর্যয়ের কারণ হয়ে দাঁড়িয়েছে এবং ভারতীয় গণমাধ্যম ও রাজনৈতিক বিরোধীরা মোদির ঘনিষ্ঠ ব্যবসায়িক সম্পর্ক নিয়ে সমালোচনা করেছে।

বাংলাদেশে হাসিনার বিরোধিতা এবং বিজেপি সরকারের হিন্দু জাতীয়তাবাদী আদর্শের কারণে সম্পর্কের অবনতি ঘটেছে। মোদি সরকারের সিএএ ও এনআরসি আইন বাংলাদেশের জনগণের ক্ষোভ বাড়িয়েছে এবং ভারতীয় মুসলমানদের প্রতি বৈষম্যের অভিযোগ এনেছে।

মোদি সরকারের উচিত ছিল প্রতিবেশী দেশগুলোর সঙ্গে সম্পর্কের পুনর্গঠন এবং কূটনীতির দিক থেকে নতুন পথ খুঁজে বের করা। নয়াদিল্লির ওপর নির্ভর করছে কিভাবে তারা এই অঞ্চলের ছোট প্রতিবেশী দেশগুলোর সঙ্গে সম্পর্ক উন্নত করতে পারে।

ফরেন পলিসিতে এই নিবন্ধটি লিখেছেন সুশান্ত সিং। তিনি ইয়েল ইউনিভার্সিটির লেকচারার এবং ভারতের ক্যারাভান ম্যাগাজিনের কনসাল্টিং এডিটর। তিনি আগে ইন্ডিয়ান এক্সপ্রেসের ডেপুটি এডিটর ছিলেন এবং দুই দশক ধরে ভারতীয় সেনাবাহিনীতে কাজ করেছেন।

প্রথম নজর

# পাঁচ দিন ব্যাপী একটি আলোচনা সভা ও কর্মশালা কল্যাণীতে



নিজস্ব প্রতিবেদক ● কল্যাণী

**আপনজন:** কল্যাণী বিশ্ববিদ্যালয়ে Ministry of Environment Forest and Climate Change এর দপ্তর EIACP RP র পরিচালনায় ভারত সরকারের মিশন LiFE কে জনপ্রসারী করে তুলতে গতকাল ২২ আগস্ট থেকে শুরু হলো পাঁচ দিন ব্যাপী একটি আলোচনা সভা ও কর্মশালা। নামাঙ্কিত জাতীয় আলোচনা সভাটিতে প্রধান অতিথি হিসেবে আমন্ত্রিত ছিলেন ভারত সরকারের সরাষ্ট্র মন্ত্রকের অর্থনীতি বিভাগের ডিরেক্টর শ্রী অভিষেক আচার্য্য মহাশয়। এছাড়াও উপস্থিত ছিলেন একই বিভাগের রিসার্চ অফিসার রাহুল ভাটিয়া । নদীয়া, মুর্শিদাবাদ, পুরুলিয়া, বাঁকুড়া, উত্তর চব্বিশ পরগনা, দক্ষিণ চব্বিশ পরগনা ও হুগলি জেলা থেকে আগত বিভিন্ন পেশায় যুক্ত মানুষদের নিয়ে গঠিত ২০ টি দল, যারা দীর্ঘদিন ধরে পরিবেশ বান্ধব উপকরণকে কুটির শিল্প ও হস্তশিল্পের অনুসারী করে তুলছেন, তারা নিজেদের সম্ভার নিয়ে উক্ত অনুষ্ঠানে যোগদান করেন। এছাড়াও বিভিন্ন জেলা থেকে আগত ১৫ টি বিদ্যালয়ের ছাত্র ছাত্রীদের নিয়ে একটি বিজ্ঞান মডেল প্রদর্শনী ও প্রতিযোগিতা অনুষ্ঠানটিতে আলাদা মাত্রা এনে দেয়।

কল্যাণী বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ড. দেবাংশু রায় , এই দপ্তরের কো-অর্ডিনেটর অধ্যাপক ড. কৌশিক মন্ডলের ভুয়সী প্রশংসা করে বলেন, উচ্চশিক্ষাকে জনমুখী বিভিন্ন প্রকল্পে যুক্ত করার এই অভিনব উদ্যোগ বিশ্ববিদ্যালয়ের কাছে গৌরবের।

# লিখিত পরীক্ষায় পাশ করেও ইন্টারভিউয়ে ডাক না পাওয়ায় বিতর্ক

সেখ রিয়াজুদ্দিন ● বীরভূম



**আপনজন:**- সুসংহত শিশু বিকাশ প্রকল্পে অঙ্গনওয়াড়ি পদের জন্য লিখিত পরীক্ষায় পাশ করেও ইন্টারভিউতে ডাক না পাওয়ার অভিযোগ উঠেছে খয়রাসোল ব্লক এলাকায়।এই ঘটনার প্রেক্ষিতে উচ্চ আদালতের দারস্থ হবার পথে খয়রাশোল ব্লকের তিন গৃহবধূ। উল্লেখ্য গত বছরের ২৩ শে ডিসেম্বর জেলা জুড়ে সুসংহত শিশু বিকাশ প্রকল্পের বিভিন্ন শূন্য পদের জন্য লিখিত পরীক্ষা নেওয়া হয়। পরবর্তীতে গত ৮ ই আগস্ট ২০২৪ বীরভূম জেলার বিভিন্ন জায়গার পাশাপাশি খয়রাশোল ব্লক সুসংহত শিশু বিকাশ প্রকল্প আধিকারিক এর অফিসে অঙ্গনওয়াড়ি পরীক্ষায় উত্তীর্ণদের রোল নম্বরের তালিকা দেওয়ালে সাঁটিয়ে দেওয়া হয়। সেখানে নাম রয়েছে খয়রাশোল ব্লকের কাঁকড়তলা থারার অন্তর্গত বড়রা গ্রামের চুমকি দে ( অধিকারী ), পারশুন্ডি গ্রাম পঞ্চায়েতের শম্পা তিওয়ারি এবং নাকড়াকোন্দা গ্রাম পঞ্চায়েতের বর্ণালী সাহা মন্ডল।তিন জনেরই অভিযোগ যে,লিখিত পরীক্ষায় উত্তীর্নদের তালিকায় নাম থাকা বাকি সকলের কাছে ইন্টারভিউ লেটার এসে পৌঁছালেও উপরিউক্ত তিনজন গৃহবধুকে ডাকা হয়নি তথা ইন্টারভিউ লেটার আসেনি। এরপরেই স্থানীয় ব্লকের সুসংহত শিশু বিকাশ প্রকল্প আধিকারিকের অফিসে অভিযোগ জানাতে গিয়ে দেখেন প্রকাশিত পরীক্ষায় উত্তীর্ণদের দেওয়ালে থাকা দেওয়া নামের তালিকা বদলে ফেলা হয়েছে। সেখানে সকলের নাম থাকলেও এই তিন গৃহবধূরই শুধু নাম নেই। এরপরই বড়রা গ্রামের গৃহবধূ চুমকি দে ( অধিকারী ) জেলাশাসকের কাছে বিষয়টি লিখিত আকারে অভিযোগ করেন। তাতেও কোন সুরাহা না মেলায় ইতিমধ্যেই হাইকোর্টের দারস্থ হবেন বলে জানিয়েছেন তিনি।

# পদ্মশ্রী পেলেও অভাব ঘোচেনি ভাদু শিল্পীর

বিশেষ প্রতিবেদক ● কলকাতা



**আপনজন:** 'বড়লোকের বেটি লো লম্বা লম্বা চুল' এই গান গেয়েই দেশের রাষ্ট্রপতির হাত থেকে পদ্মশ্রী পুরস্কার পেয়েছিলেন ভাদু গানের শিল্পী রতন কাহার। তার পরেও তার আর্থিক শঙ্কট কাটেনি। তাই এখনও আগের মতোই পথে-প্রান্তরে গান গেয়ে যেটুকু যা রোজগার করেন, তা দিয়েই সংসার চালাতে হয়। জীবন থেকে উপাদান নিয়ে চিরকাল গান বেঁধেছেন রতন কাহার। গানের কথায় মিশে থাকে গ্রামের জীবন, সুরে মাটির গন্ধ। তাই গ্রামে গ্রামে ঘুরেই এবার রাজা পাটের সাফল্যের কথা শুনে তা নিয়েই গান গাইলেন তিনি। নদীয়ার করিমপুরে এক অনুষ্ঠান, 'মেগা ফিল্ড ডে' চলাকালীন গানে গানে চাষীদের কাছে তুলে ধরেন রাজা পাটের সাফল্যের কথা। এই বীজ প্রস্তুতকারক সংস্থা, নুজিভীডু সীডস এর পক্ষ থেকে জানানো হয়েছে এই পাট একর প্রতি অতিরিক্ত ১০ হাজার টাকা লাভের সুযোগ করে দিচ্ছে চাষিদের। এটা সম্ভব হয়েছে পাটের লম্বা আঁশ এবং অন্যান্য প্রজাতির চেয়ে এর একর প্রতি ন্যূনতম বাড়তি ২ কুইন্টাল উৎপাদন বেশি হওয়ার ফলে। সংস্থার দাবি, রাজা এন জে ৭০০৫ পাটের একটি নতুন প্রজাতি যা ২০২০ সালে চালু হয়েছে। তার পর থেকে পাট চাষের দুনিয়া অনেকটাই বদলে গেছে। এন জে-৭০০৫ রাজা পাটের এই ভ্যারাইটি নুজিভীডু সীডস এর গবেষণা বিভাগের প্রধান বিজ্ঞানী ডঃ মোহাম্মদ মসিউর রহমান কতৃক উদ্ভাবিত।

# একে একে প্রকাশ্যে আসছে সন্দীপ ঘোষের 'কীর্তির' মালা

সমীর দাস ● কলকাতা



**আপনজন:**-বনগাঁ হাইস্কুলের কৃতি ছাত্র সন্দীপের মধ্যে যখন একবার লোভ ঢুকে গিয়েছিল তখন তা আর আটকাতে পারেন নি তিনি। বিশেষ করে শাসক দলের ঘনিষ্ঠ হওয়ায় তিনি 'ধরাকে সরা' জ্ঞান করতেন। ফলে ডুবে যাচ্ছিলেন অন্ধকার জগতে। ইতিমধ্যে তার সম্পর্কে বহু অভিযোগ এসেছে। এবার সামনে আসলো আরো অভিযোগ। জানা গিয়েছে, ২০২২ সালের জুলাই মাসে আরজি কর হাসপাতালে স্যালাইন সংকট দেখা দেয়। হঠাৎ করেই রাতে ট্রমা কেয়ার সেন্টারে স্যালাইন শেষ হয়ে যায়। জানা যায় যে স্যালাইন সরবরাহকারী সংস্থা স্যালাইন দিত, তাদের দীর্ঘদিন ধরে টাকা বাকি। ফলে তারা স্যালাইন সরবরাহ বন্ধ করে দেয়। ওই অবস্থায় গভীর সংকটে পড়েন রুগীরা। গোটা আরজি কর হাসপাতাল জুড়ে দেখা দেয় স্যালাইনের তীব্র সংকট। তবুও ওই সংস্থাকে টাকা না দিয়ে পাল্টা তাদের বিরুদ্ধে অভিযোগ জানান সন্দীপ ঘোষ। উঠে আসছে এমনটাই অভিযোগ। পরে সাগর দত্ত মেডিকেল কলেজ থেকে স্যালাইন এনে সেই সমস্যা মেটানো হয়। এছাড়াও তার নতুন কিছু কীর্তি সামনে আসছে। ২০২৩ সালের জানুয়ারি মাসে হাসপাতালের মর্গ থেকে চারটি মরদেহ লোপাটের অভিযোগ ওঠে। অভিযোগ, মৃতদের পরিবারকে না জানিয়ে মরদেহ অন্য মেডিক্যাল কলেজে ফরেনসিক মেডিসিনের ওয়ার্কশপের জন্য ভাড়া দেওয়া হয়। এই কাজের জন্য মৃতদেহের রেজিস্ট্রার পর্যন্ত লোপাট করা হয় বলে অভিযোগ। সন্দীপ ঘোষের বিরুদ্ধে এই অভিযোগ করেন তৎকালীন আরজি করের ফরেনসিক মেডিসিন বিভাগের বিভাগীয় প্রধান সোমনাথ দাস।

আরো জানা যায়, নিজের পছন্দের যে জুনিয়ার ডাক্তার, ইন্টার্নদের দল, তাদের নিয়মিত মদ্যপানের ব্যবস্থা করা হত গেস্ট হাউসে। কলেজের ফেস্টে নিজের কাছের ছাত্রছাত্রীদের দেদার ফুর্তির ব্যবস্থা করার অভিযোগও উঠেছে সন্দীপ ঘোষের বিরুদ্ধে। এছাড়াও হাসপাতালে সিসিটিভি লাগানোর জন্য ১৪ লক্ষ টাকা খরচ দেখানো হয়। তবে আদৌ পর্যাপ্ত সিসিটিভি ছিল না বলে অভিযোগ। শাসক দলের ঘনিষ্ঠ হওয়ায় এতদিন এই নিয়ে খুব বেশি নড়াচড়া পরে নি। এবার কি তা আদন্তের অধীনে আসবে? প্রশ্ন নাগরিক মহলের।

# একই পরিবারের তিন সদস্যের আত্মহত্যা অশোকনগরে

নিজস্ব প্রতিবেদক ● বারাসত



**আপনজন:** আট বছরের কন্যা সন্তান সহ ঝুলন্ত দেহ উদ্ধার বাবা-মায়ের। একই ঘর থেকে তিনজনের ঝুলন্ত দেহ উদ্ধারে চাঞ্চল্য ছড়িয়ে পড়ে গুমা নবপল্লী এলাকায়।স্থানীয় সূত্রে জানা যায় দীপক রায় তার স্ত্রী পিউ রায় এবং আট বছরের কন্যা সন্তান মিষ্টিকে নিয়ে প্রায় পাঁচ বছর ধরে গুমা নবপল্লী এলাকায় ভাড়া থাকতেন। বিরা বালিশা একটি ফ্লাই কারখানা কাজ করতেন দীপক রায়। গতকাল রাতেও প্রতিবেশী এক ভাড়াটিয়াকে পাঁচটা নাগাদ ডেকে দিতে বলেছিলেন পিউ। সেইমত পাঁচটার সময় বারবার ঢাকা সত্বেও কোন সাড়া মেলেনি। সাড়ে পাঁচটা নাগাদ ঘরের ভিতরে বারবার ফোনে এলার্মও বেজেছে। ঘড়ির কাঁটায় বেলা বারোটা বাজার পরেও পাড়া প্রতিবেশীরা ডাকার পরেও কোন সারা না মেলায়। খবর দেওয়া হয় বাড়ির মালিককে তিনি প্রতিবেশীদের নিয়ে ঘরের দরজা ভেঙে ঘরে ঢুকে দেখেন ভিতরে ঝুলন্ত অবস্থায় রয়েছে আট বছরের কন্যা সন্তান সহ স্বামী এবং স্ত্রী। খবর দেওয়া হয় পুলিশ প্রশাসনকে। এরপরে ঘটনাস্থলে আসে এসডিপিও হাবরা প্রসেনজিৎ দাস।, সি আই সন্দীপ ঘোষ, অশোকনগর থানা ভারপ্রাপ্ত আধিকারিক চিন্তামণি নস্কর সহ বিশাল পুলিশ বাহিনী। দেহ উদ্ধার করে নিয়ে যাওয়া হয় অশোকনগর হাসপাতালে। এই মুহূর্তে গুমা নবপল্লি এলাকায় নেমে এসেছে শোকের ছায়া।ঘটনাস্থল থেকে উদ্ধার হয় একটি সুইসাইড নোট । পুলিশ সূত্রে জানা গিয়েছে,তাতে লেখা আছে আমাদের মৃত্যুর জন্য কেউ দায়ী নয় ।আমরা আর লোনের বোঝা চালাতে পারছি না। তাই এই চরম পরিণতির পথ বেছে নেয়। পুলিশ গোটা ঘটনার তদন্ত করে দেখছে।

# সিজগ্রাম মোড়ে প্রায় দেড়শো দোকানদারের ভরসা টিউবওয়েলের অপরিস্রুত পানীয় জল!

সাবের আলি ● ভরতপুর



**আপনজন:** রাজ্য সড়কের পাশেই অতি গুরুত্বপূর্ণ এলাকা। জনবসতিপূর্ণ ওই এলাকায় রয়েছে বিভিন্ন প্রকার প্রায় দেড়শো দোকান। এলাকার অন্তত ১০টি গ্রামের বাসিন্দারা সেখান থেকে বিভিন্ন রুটের যাত্রীবাহী বাসে উঠেন। কিন্তু প্রায় ৪০বছর ধরে সেখানকার একমাত্র টিউবয়েলের অপরিস্রুত পানীয় জলই ব্যবহার করতে হচ্ছে সকলকে। গত তিনদিন আগে ওই টিউবয়েল নষ্ট হয়ে গেলেও মেরামত করার কাউকে পাওয়া যাচ্ছে না। ঘটনাটি ভরতপুর ১ ব্লকের সিজগ্রাম মোড় এলাকার।

স্থানীয় সূত্রে জানা গিয়েছে, প্রায় ৪০ বছর আগে প্রয়াত সৈয়দ আনোয়ার হোসেন স্থানীয় পঞ্চায়েত সমিতির সদস্য থাকার সময় ওই টিউবয়েলটি বসিয়ে দিয়ে গিয়েছিলেন। যদিও এরপর বিভিন্ন সময় পঞ্চায়েত থেকে টিউবয়েল মেরামত করা হয়েছে। টিউবয়েলের স্থানও পরিবর্তন হয়েছে। আবার পূর্বের স্থানে বসানো হয়েছে। কিন্তু গত ৩০ বছর ধরে টিউবয়েলের অবস্থান একই জায়গায় রয়ে গিয়েছে। সেখানে গিয়ে দেখা গিয়েছে, এলাকার একমাত্র টিউবয়েল এটি। আশেপাশে অন্য কোন জল প্রকল্প নেই। বাসিন্দারা ওই টিউবয়েলের জল সংগ্রহ করতে এসে ফিরে যাচ্ছেন। টিউবয়েলের পাশেই রয়েছে একটি শৌচাগার। তার পাশ দিয়ে চলে গিয়েছে নোংরা আবর্জনা সহ ড্রেন। টিউবয়েলের সংলগ্ন এলাকা আবর্জনায় ভর্তি। টিউবয়েল সচল থাকলে এই জলই ব্যবহার ও পান করতে হয় বাসিন্দাদের। স্থানীয় চা ব্যবসায়ী আনসার শেখ বলেন, প্রায় ৪০ বছর ধরে ওই টিউবয়েলের জলই আমাদের পান করতে হচ্ছে। আবার গ্রাহকদেরও দিতে হচ্ছে। পরিশ্রুত জল প্রকল্প এই এলাকাতে একটিও নেই। অপর ব্যবসায়ী সাগির হোসেন বলেন, আসল ব্যাপার হল এখানে দেখার কেউ নেই। এলাকায় পানীয় জলের সঙ্কট বহু বছরের। অথচ কাউকে এনিয়ে কোনদিন মাথা ঘামাতে দেখিনি। একা প্রতিবাদ করে কারও শত্রু হতে চাই না।

কান্দি সালার রাজ্য সড়কের পাশেই ওই মোড়। সেখানে প্রতিবেশি আমলাই, সিজগ্রাম, ভোলতা, একডালা ইত্যাদি গ্রাম থেকে প্রতিদিন অসংখ্য বাসিন্দা যাত্রীবাহী বাসে উঠেন। অনেক ক্ষেত্রে তাঁদেরও ওই টিউবয়েল থেকে জল সংগ্রহ করতে হয়। আমলাই গ্রামের বাসিন্দা শুভেন্দু পাল বলেন, এখানে আমরা টিউবয়েলের অপরিশ্রুত জল জেনেও পান করতে বাধ্য হয়েছি। এখন আবার সেটাও পাওয়া গেল না। শুনছি প্রায় তিনদিন থেকে টিউবয়েল খারাপ হয়ে রয়েছে। স্থানীয় ব্যবসায়ী টগর শেখ বলেন, গত ৩০ বছর ধরে নিজেদেরই এই টিউবয়েল মেরামত করতে হয়েয়ে। পঞ্চায়েত কোন পদক্ষেপ নেয়না। দেখি আবার চাঁদা তুলে ঠিক করতে হবে।

যদিও স্থানীয় ভরতপুর পঞ্চায়েত প্রধান অনিতা মণ্ডল বলেন, ওই জায়গায় আমরা একটি সোলার পরিচালিত জল প্রকল্প তৈরি করার সিদ্ধান্ত নিয়েছি। তবে তাতে সামান্য দেরি হবে। টিউবয়েল মেরামত করার চেষ্টা করা হচ্ছে।

# দাতাবাবার মাজারে চাদর কেষ্ট অনুগামীর



আমীরুল ইসলাম ● বোলপুর

**আপনজন:** বীরভূম জেলার তৃণমূল কংগ্রেস সভাপতি অনুব্রত মণ্ডল তিনি গত দু'বছর গরু পাচারকাণ্ডে তিহার জেলে বন্দী। অনুব্রত মণ্ডল কে গ্রেফতার করেছিল সিবিআই গরু পাচার কান্ড তাকে দুবছর পর সিবিআই জামিন দিল। আশা করা যায় ইডির মামলাতেও জামিন পেয়ে যাবেন অনুব্রত মণ্ডল। অনুব্রত মণ্ডল ও তার কন্যা সুকন্যা মণ্ডল খুব তাড়াতাড়ি জেল থেকে মুক্তি পাবেন তাই ধর্মমত নির্বিশেষে সকলে আজ পাথরচাপুড়ি দাতাবাবার মাজারে চাদর চড়ালেন, এছাড়া আজমীর শরীফেও চাদর চড়িয়েছেন বলে জানান প্রাক্তন পূর্ত কর্মদক্ষ আব্দুল করিম খান। এদিন কয়েকশ তৃনমূলের কর্মীবৃন্দ হাজির ছিলেন এই চাদর চাপানোর অনুষ্ঠানে। অনুব্রত মণ্ডলের শারীরিক সুস্থতার জন্য কামনা করা হয়।

# হাওড়ার বাজারে টাস্ক ফোর্সের অভিযান



নিজস্ব প্রতিবেদক ● হাওড়া

**আপনজন:** মুখ্যমন্ত্রীর নির্দেশের পর এর আগে কলকাতার বিভিন্ন বাজারে অভিযান চালিয়েছে নবান্নের তৈরি টাস্ক ফোর্স। এবার তাঁরা হাওড়ার বাজারেও অভিযানে নামলেন। শুক্রবার সকালে হাওড়ায় ব্যবসায়ীদের সঙ্গে কথা বলে দাম কমানোর পরামর্শ দিলেন তাঁরা। কাজ না হলে কড়া আইনি ব্যবস্থার হুঁশিয়ারিও দেওয়া হয়। এই অভিযানের পর হাওড়ার বাজারেও সবজির দাম নিয়ন্ত্রণে আসবে বলে আশা করছেন টাস্ক ফোর্সের সদস্যরা৷ প্রসঙ্গত, মুখ্যমন্ত্রীর নির্দেশ পেয়ে কলকাতার পর এদিন হাওড়ার বাজারেও অভিযানে নামেন নবান্নের তৈরি টাস্ক ফোর্স।

শুক্রবার সকালে মধ্য হাওড়ার কালীবাবুর বাজারে অভিযান চালায় টাস্ক ফোর্সের দল। সঙ্গে ছিল এনফোর্সমেন্ট ব্রাঞ্চ ও হাওড়া থানার পুলিশ। এদিনের অভিযানের নেতৃত্বে ছিলেন টাস্ক ফোর্স কর্তা রবীন্দ্রনাথ কোলে।

# আরজি কর কাণ্ডের প্রতিবাদে পথে স্কুল পড়ুয়ারা



রহমতুল্লাহ ● সাগরদিঘী

**আপনজন:** আর জি করে তরুণী চিকিৎসকের ধর্ষণ-খুনের প্রতিবাদে তোলপাড় গোটা দেশ দফায় দফায় প্রতিবাদ, ধিক্কার মিছিল।

শুক্রবার ফের সাগরদিঘীর পথে নামলো স্কুল পড়ুয়ারা

আর জি কর মেডিকেল কলেজের যে নককারজনক ঘটনা ঘটেছে তার প্রতিবাদে সাগরদিঘী এস এন উচ্চ বিদ্যালয়ের পক্ষ থেকে একটি প্রতিবাদ মিছিলের আয়োজন করা হয়, তাতে সামিল হয়েছিল স্কুলের ছাত্র -ছাত্রী সহ প্রাক্তনীরা তাঁদের একটায় দাবি দোষীদের ফাঁসির চায়। প্রধান শিক্ষক বিদ্যুৎ কুমার মন্ডল জানান

আর জি করের এই নৃশংস ঘটনার বিরোধিতা করে, এবং নারী সুরক্ষা ও তিলোত্তমা যাতে আইনি ভাবে সঠিক বিচার পায়, উপস্থিত ছিলেন সহ শিক্ষক পীযুষকান্তি রয় সহ সমস্ত স্কুল শিক্ষক-শিক্ষিকা মন্ডলীরা দোষীদের চিহ্নিত করে ফাঁসির দাবি করেন সকল স্কুল পড়ুয়ারা ।

# লোক সংস্কৃতি বিষয়ক কর্মশালা আলিপুরে



বাবলু প্রমানিক ● আলিপুর

**আপনজন:** শুক্রবার লোকসংস্কৃতি ও আদিবাসী সংস্কৃতি কেন্দ্রের উদ্যোগে এবং দক্ষিণ ২৪ পরগনা জেলা তথ্য ও সংস্কৃতি দপ্তরের আয়োজনে আলিপুরে অনুষ্ঠিত হয়ে গেল মহাবিদ্যালয় এবং বিশ্ব বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের নিয়ে লোক সংস্কৃতি বিষয়ক কর্মশালা ও সম্মেলন।এই অনুষ্ঠানের মূল উদ্দেশ্য ছিল মহাবিদ্যালয় এবং বিশ্ব বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের মধ্যে লোকসংস্কৃতি বিষয়ক ভাবনার উন্মেষ ঘটানো।এদিনের অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বরিষ্ঠ অপর অধিকর্তা কৌস্তুভ তরফদার অতিরিক্ত জেলাশাসক (জেলা পরিষদ) সৌমেন পাল, জেলা তথ্য সংস্কৃতিক আধিকারিক অনন্যা মজুমদার।এদিনের এই কর্মশালায় বক্তা হিসাবে উপস্থিত ছিলেন ড: বরুন চক্রবর্তী,সদস্য, লোক সংস্কৃতি ও আদিবাসী সংস্কৃতি কেন্দ্র, ড: সুতপা সেনগুপ্ত, ড: মনিকা রায় কুন্ডু ও ড: বাঁশরী মুখোপাধ্যায়।

# সুপ্রিম কোর্টে ১৮ রাজ্যের মুখ্যসচিবকে হাজিরা দিতেই হবে



সমীর দাস ● কলকাতা

**আপনজন:** যখন সারা ভারত তাকিয়ে আছে আর জি কর কাণ্ডের নির্যাতিতার বিচারের জন্য, ঠিক তখনি আরেকটি কারণে রাতের ঘুম উড়ে গেছে রাজ্যের মুখ্যসচিবের। তবে শুধু পশ্চিমবঙ্গ নয় মোট ১৮টি রাজ্যের মুখ্যসচিবের উদ্দেশ্যে এই নির্দেশ। হাজিরা দেওয়ার নির্দেশ দিয়েছেন প্রধান বিচারপতি ডিওয়াই চন্দ্রচূড়। অভিযোগ, ওইসব রাজ্যে প্রাক্তন বিচারপতি এবং বিচারবিভাগীয় আধিকারিকদের সুপ্রিম কোর্ট নির্দেশিত বকেয়া পেনশন ভাতা এবং অবসরকালীন সুযোগ-সুবিধা দেওয়া হচ্ছে না। সরকারি ফান্ডের অবস্থা ভালো নয়, এমন ব্যাখ্যা অনেক রাজ্য দিতে চেয়েছেন। তাতে প্রবলভাবে ক্ষুব্ধ শীর্ষ আদালত। প্রধান বিচারপতি ডিওয়াই চন্দ্রচূড় এতটাই ক্ষুব্ধ যে সবাইকে সশরীরে হাজিরার নির্দেশ দিয়েছেন। প্রধান বিচারপতির নির্দেশ, নির্দিষ্ট দিনে হাজিরা না দিলে, মুখ্যসচিবদের বিরুদ্ধে জামিন অযোগ্য ধারায় গ্রেফতারি পরোয়ানা জারি করা হবে। শীর্ষ আদালতে আবেদন জানানো হয়েছিল, যাতে মুখ্যসচিবদের ভার্চুয়াল মাধ্যমে হাজিরা দেওয়ার সুযোগ দেওয়া হয়। কিন্তু সে কথা শুনতে রাজি হননি প্রধান বিচারপতি। সশরীরেই হাজিরা দিতে হবে। অল ইন্ডিয়া জাজেস অ্যাসোসিয়েশনের তরফে সুপ্রিম কোর্টে অভিযোগ জানানো হয়েছিল। বলা হয়েছিল, শীর্ষ আদালতের একাধিক নির্দেশ সত্ত্বেও ন্যাশনাল জুডিশিয়াল পে কমিশনের সুপারিশ অনুযায়ী অবসরপ্রাপ্ত বিচারপতি এবং বিচার বিভাগীয় আধিকারিকদের পেনশন সুনিশ্চিত করেনি এই ১৮টি রাজ্য।

ছড়িয়ে-ছিটিয়ে

# মুখ্যমন্ত্রীকে কটু মন্তব্য, থানায় অভিযোগ বিধায়কের বিরুদ্ধে



সঞ্জীব মল্লিক ● বাঁকুড়া

**আপনজন:** মুখ্যমন্ত্রীকে কুরুচিকর মন্তব্য করায় ওন্দার বিজেপি বিধায়ক অমরনাথ শাখার বিরুদ্ধে কোতুলপুর থানায় অভিযোগ দায়ের করল কোতুলপুর ব্লক তৃণমূল কংগ্রেস, বিধায়ক গ্রেপ্তার না হলে আগামী দিনে বৃহত্তর আন্দোলনে আমার হুশিয়ার তৃণমূলের ।

আর জি করে তরুণী চিকিৎসককে ধর্ষণ করে খুনের ঘটনার প্রতিবাদে, গত একুশে আগস্ট ওন্দা বিধানসভার বিজেপি বিধায়ক অমরনাথ শাখা ওন্দাতে একটি সভা করে। সেই সভায় বক্তব্য রাখতে গিয়ে ওন্দা বিধানসভার বিজেপি বিধায়ক অমরনাথ শাখা রাজ্যের মুখ্যমন্ত্রীর উদ্দেশ্যে কুরুচিকর মন্তব্য করেন। এই ঘটনার প্রতিবাদে অমরনাথ শাখা কে গ্রেফতারের দাবী জানিয়ে কোতুলপুর ব্লক তৃণমূল কংগ্রেসের পক্ষ থেকে কোতুলপুর থানা একটি লিখিত অভিযোগ দায়ের করে। অভিযোগে উল্লেখ করা হয় ভারতবর্ষের একমাত্র মহিলা মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় এর বিরুদ্ধে কুরুচিকর ও আপত্তি মন্তব্য এবং হুমকি দিয়েছে। আমরা পশ্চিমবঙ্গবাসী হিসাবে অপমান ও অসম্মানবোধ করেছি তাই এর তীব্র প্রতিবাদ জানাই। এছাড়াও অভিযোগে উল্লেখ করা হয়েছে দ্রুততার সাথে অমরনাথ শাখাকে গ্রেফতার করতে হবে।

থানায় অভিযোগ জানানোর পর কোতুলপুর ব্লক তৃণমূল কংগ্রেস সভাপতি তরুণ কুমার নন্দীগ্রামী সংবাদ মাধ্যমের মুখোমুখি হয়ে হুঁশিয়ারি সুরে বলেন অমরনাথ শাখাকে যদি অবিলম্বে পুলিশ গ্রেপ্তার না করে আগামী দিনে তারা আরও বৃহত্তর আন্দোলনে নামবেন।

# নদী বাঁধ সুরক্ষায় তাল, কেওড়া গাছের বীজ রোপণ



নিজস্ব প্রতিবেদক ● কুলতলি

**আপনজন:** প্রতিবছর বর্ষা যায় বর্ষা আসে। বর্ষা এলে নদীবাদ সংলগ্ন কাঁচা বাড়িতে বসবাসকারী মানুষের ঘুম উড়ে যায়। বিশেষত কোটালের সময় রাত জেগে বসে থাকতে হয়, নদী বাঁধ ভেঙে বাড়িঘর ভাসিয়ে নিয়ে যাওয়ার ভয়ে। সরকারের পক্ষ থেকে দুর্বল নদী বাঁধ সংস্কারের কাজও হয়। ভরা কটালে নদী দানবের রূপ নেয়। তাই বিশেষত ভরসার সময় কুলতলী বিধানসভা এলাকার নদীর পাড়ের বাসিন্দাদের সব সময় ভয়ে ভয়ে থাকতে হয়। বিগত দিনে আমফান এবং ইয়াসের সময় আমরা দেখেছি সুন্দরবনকে বাঁচিয়েছে সুন্দরী, গরান, গেওয়া এবং সুন্দরবনের গাছ পালা। অর্থাৎ প্রকৃতিকে আটকাতে প্রকৃতিই ভরসা। সেই কথা মাথায় রেখে বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগ এবং নদী বাঁধ ভাঙ্গন আটকাতে কুলতলী বিধানসভার কৈখালীর বিভিন্ন অঞ্চলে নদীর পাড়ে দশ হাজার তাল গাছের বীজ এবং কেওড়া গাছের চারা রোপণ করা হয়। দক্ষিণ চব্বিশ পরগনার কুলতলীর গোপালগঞ্জ অঞ্চলের কৈখালীতে তাল গাছ রোপনের কর্মসূচিতে কুলতলী বিধানসভার বিধায়ক গনেশ চন্দ্র মন্ডল, মহারাজ স্বামী নির্মলানন্দ, কুলতলির ব্লক ডেভেলপমেন্ট অফিসার সুচন্দন বৈদ্য,কুলতলী পঞ্চায়েত সমিতির সভাপতি ও একাধিক কর্মাধ্যক্ষ উপস্থিত ছিলেন ।


নামী, তবে দামি নয়
নিকটবর্তী ফার্নিচার দোকানে আজই খোঁজ করুন
ডিজিটাল প্রিন্টেড আলমারি
নন-প্রিন্টেড কালার আলমারি
জেলা ভিত্তিক ডিলারশিপ চাই
৯৭৩২৮৮০১১০
RIMEX
We Make Furniture For Needs
প্রিমিয়ার কোয়ালিটি
পাউডার কোটেড
Since 2011


হজ্ব
ওমরাহ
যিয়ারত
উমর ফারুক ট্রাভেলস্
নলপুর, সাঁকরাইল, হাওড়া
সকলকে জানাই আসসালামু আলাইকুম
সমস্ত প্রশংসা সমস্ত তারিফ সেই মহান আল্লাহপাক এর জন্য যিনি আমাদের সমস্ত এবাদতের মধ্যে এক বিশেষ এবাদত হজ্ব ও ওমরাহ করার জন্য সহজ সরল রাস্তা দেখিয়ে দিয়েছেন, যেই কাজে আমরা সৎ ও নিষ্ঠার সাথে আপনাদের খেদমতে বহু বছর ধরে নিয়ে জিত আছি ও দোওয়া করেন আগামীতে আরো ভালো ভাবে সেবা করতে পারি ইনশাআল্লাহ।
আমাদের পরিষেবা
১৭ দিনের জন্য সাধারণ প্যাকেজ
প্যাকেজ
১৭ দিনের জন্য স্পেশাল প্যাকেজ
■ মক্কা ও মদিনাতে কাছাকাছি থাকার ব্যবস্থা ■ বুফেতে ৩ টাইম খানা (ঘরোয়া রুচিসম্মত খানা) ■ মক্কা ও মদিনাতে সমস্ত যিয়ারত ও ঐতিহাসিক স্থানগুলি অভিজ্ঞ গাইড দ্বারা ভ্রমণের ব্যবস্থা আছে ■ ফ্লাইট যেকোনও এয়ারলাইন্স-এ হতে পারে
রমজানের স্পেশাল অফার
সীমিত সময়ের জন্য বুকিং করুন
■ মক্কাতে হোটেল এর দুরত্ব প্রায় ৩৫০ মিটার থেকে ৪০০ মিটার ■ মদিনাতে হোটেল এর দুরত্ব প্রায় ১০০ মিটার থেকে ১৫০ মিটার ■ বুফেতে ৩ টাইম খানা (ঘরোয়া রুচিসম্মত খানা) ■ মক্কা ও মদিনাতে সমস্ত যিয়ারত ও ঐতিহাসিক স্থানগুলি অভিজ্ঞ গাইড দ্বারা ভ্রমণের ব্যবস্থা আছে ■ তায়েফ যিয়ারত ■ বদর যিয়ারত ■ ওয়দিয়া জিন পাহাড় ■ বয়স্ক মানুষদের জন্য হুইলচেয়ারের সু-ব্যবস্থা আছে ■ জমজম ৫ লিটার ■ জেদ্দা ও আরব সাগর ভ্রমণ
হাদিয়া
ল্যাগেজ ব্যাগ, সাইড ব্যাগ, জুতার ব্যাগ, গাইড বই, সাতদানা তসবি, ট্রলি ব্যাগ
যোগাযোগ
কাজী ওয়াসিম আকবার 8240569012
আব্দুল ফারাদ 7003187312
সেখ সাইন রহমান 7980004507
কলকাতা শাখা অফিস: ৪৯, কুষ্টিয়া মসজিদ বাড়ি লেন, কলকাতা - ৭০০০৩৯


হার্ট ও ব্রেনের চিকিৎসা সহ সমস্ত রোগের সুচিকিৎসার ঠিকানা
ASHSHEEFA HOSPITAL
আশ শিফা হসপিটাল
সহরার হাট ■ ফলতা ■ দক্ষিণ ২৪ পরগনা
প্রান্তিক জেলায় স্বল্পমূল্যে ICCU এবং ১০০ বেডের ক্যাথল্যাবযুক্ত মাল্টিস্পেশালিটি হসপিটাল
GNM
(3 Years)
কোর্সে সরাসরি ভর্তি চলছে
ওয়েস্ট বেঙ্গল ও ইন্ডিয়ান নার্সিং কাউন্সিল অনুমোদিত
HS পাস ছেলে ও মেয়েদের জন্য নার্সিং এর অ্যাডমিশন শুরু হয়ে গেছে
অ্যাঞ্জিওগ্রাম
অ্যাঞ্জিওপ্লাস্টি
বেলুন সার্জারী
পেশমেকার
ডিরেক্টর
ডা. মো. ফারুকউদ্দিন পুরকাইত
MBBS, MD, Dip. Card
9123721642/9836001515
স্বাস্থ্যসাথী কার্ড গ্রহণযোগ্য

# ডুরান্ড কাপে পাঞ্জাবকে হারিয়ে সেমিফাইনালে উঠল মোহনবাগান



**আপনজন ডেস্ক:** ডুরান্ড কাপের সেমিফাইনালে মোহনবাগান। আর কোয়ার্টার ফাইনাল ম্যাচে যেন কার্যত গোলের বন্যা দেখা গেল। উল্লেখ্য, নির্ধারিত সময় পর্যন্ত ম্যাচের ফলাফল ছিল ৩-৩। ফলে, ম্যাচ গড়ায় টাইব্রেকারে। আর সেখানেই বাজিমাৎ করল সবুজ-মেরুন। গোলরক্ষক বিশাল কেইথের হাতেই যেন আটকে গেল পাঞ্জাব এফসি। আর এই সুযোগেই টাইব্রেকারে ম্যাচ জিতে ডুরান্ডের সেমিফাইনালে পৌঁছে গেল বাগান শিবির। জামশেদপুরে শুক্রবার, ডুরান্ড কাপের কোয়ার্টার ফাইনালে মুখোমুখি হয় মোহনবাগান বনাম পাঞ্জাব এফসি। এদিন ম্যাচের শুরু থেকে মোহনবাগানের হয়ে স্ট্রাইকার হিসেবে ছিলেন সুহেইল ভাট এবং গ্রেগ স্টুয়ার্ট। অন্যদিকে, রিজার্ভ বেঞ্চে ছিলেন শুভাশিস বোস, জেসন কামিংস এবং দিমিত্রি পেত্রাতোস। তবে খেলায় কিন্তু প্রথমেই এগিয়ে যায় পাঞ্জাব। বক্সের মধ্যে পাঞ্জাবের বিনীত রাইকে জোরালো ট্যাকল করেন মোহনবাগান ডিফেন্ডার আলবার্তো। ফলে, পেনাল্টি দেন রেফারি। আর সেখান থেকেই জোরালো শটে গোল করে পাঞ্জাবকে এগিয়ে দেন অধিনায়ক লুকা মাজসেন। তবে গোল খেলেও ম্যাচ থেকে হারিয়ে যায়নি মোহনবাগান। মরিয়া হয়েই ম্যাচে ফেরার চেষ্টা করে জোসে মোলিনার দল। তাই বল পজিশনেও যথেষ্ট এগিয়ে যায় তারা। আর তাই ম্যাচের ৪৪ মিনিটে, সমতা ফেরাতে সক্ষম হয় তারা। তবে প্রথমার্ধে বিশাল কেইথ দুর্দান্ত কিছু সেভ করেন। নাহলে বিপদ আরও বাড়তে পারত। শেষপর্যন্ত, প্রথমার্ধ শেষ হয় ১-১ ফলাফল নিয়েই।

তবে দ্বিতীয়ার্ধের শুরুতেই শুভাশিস, মনবীর এবং কামিংস মাঠে নামেন। আর তার ঠিক তিন মিনিটের মাথাতেই সবুজ মেরুনকে এগিয়ে দেন মনবীর। খেলার ফলাফল তখন ২-১। এক্ষেত্রে বল ঠিক গোলপোস্টের কোনা দিয়ে জালে জড়িয়ে যায়। কিন্তু তার কিছুক্ষণের মধ্যেই ফের গোল শোধ করে দেয় পাঞ্জাব। খেলার ৬৩ মিনিটে পাঞ্জাবের হয়ে সমতা ফেরান ফিলিপ। এরপর খেলার ৭১ মিনিটে, ভিদালের গোলে আরও এগিয়া যায় পাঞ্জাব এফসি। কিন্তু ফের আবার খেলার ৭৯ মিনিটে, সমতা ফেরায় মোহনবাগান। মনবীরের থেকে বল পেয়ে গোল করে যান সেই কামিংস। ফলে, খেলার ফলাফল দাঁড়ায় ৩-৩। কিন্তু এরপরেও বাকি ছিল অনেক নাটক। ডুরান্ড কাপে অতিরিক্ত সময়ের বদলে ম্যাচ চলে যায় সরাসরি টাইব্রেকারে। আর সেখানে কার্যত নায়ক হয়ে উঠলেন মোহনবাগান গোলকিপার বিশাল কেইথ। পাঞ্জাবের ইভান এবং ধনচন্দ্রের শট আটকে দিয়ে সবুজ মেরুনকে সেমিফাইনালে তুললেন তিনি। যদিও মোহনবাগানের হয়ে পেনাল্টি শ্যুট আউট মিস করেন কামিংস। কিন্তু তারপর একের পর এক গোল। ম্যাচ যখন প্রায় পাঞ্জাবের হাতের মুঠোয় বলেই সবাই ধরে নিয়েছিল, ঠিক তখনই জ্বলে ওঠেন বিশাল।

মোহনবাগানের হয়ে গোল করেন মনবীর, লিস্টন, দিমিত্রি, স্টুয়ার্ট, শুভাশিস এবং অ্যালড্রেড। কিন্তু শেষপর্যন্ত নায়ক যেন সেই বিশালই। তাঁর দুরন্ত সেভের সুবাদেই ডুরান্ডের সেমিতে মোহনবাগান। টাইব্রেকারের ফলাফল ৬-৫।

# ইউরোপিয়ান ক্লাব ফুটবলে লড়াইটা স্পেন ও ইতালিরও



**আপনজন ডেস্ক:** ম্যানচেস্টার সিটি না আর্সেনাল, রিয়াল মাদ্রিদ না বার্সেলোনা, বায়ার্ন মিউনিখ না লেভারকুসেন—নতুন মৌসুমের শুরুতে বিভিন্ন লিগে সম্ভাব্য চ্যাম্পিয়নদের নিয়ে আলোচনায় আসছে এ নামগুলোই। তবে ইউরোপের শীর্ষ পাঁচ লিগ মিলিয়েই ভিন্ন এক লড়াইয়ে মুখোমুখি দুটি দেশ—স্পেন ও ইতালি। এই লড়াই ক্লাবের নয়, কোচদের। সর্বশেষ দুই মৌসুমে ইউরোপের শীর্ষস্থানীয় প্রতিযোগিতায় সাফল্যের দিক থেকে স্পেন ও ইতালির কোচরা একে অপরকে টেক্কা দিয়েছেন। তাতে একবার 'জিতেছেন' স্প্যানিশরা, একবার ইতালিয়ানরা। এবারের ২০২৪-২৫ মৌসুমে জিততে চলেছেন কারা? ২০২২-২৩ মৌসুমে শীর্ষ পাঁচ লিগের মধ্যে স্প্যানিশ কোচরা শিরোপা জিতেছিলেন দুটিতে। লা লিগায় বার্সেলোনার হয়ে জাভি হার্নান্দেজ এবং প্রিমিয়ার লিগে ম্যানচেস্টার সিটির হয়ে পেপ গার্দিওলা। আর ইতালিয়ানদের মধ্যে লিগ জিতেছিলেন সেবার সিরি আ'য় নাপোলির হয়ে লুসিয়ানো স্পালেত্তি। লিগ আঁ পিএসজির হয়ে জিতেছেন ক্রিস্তোফার গালতিয়ের (ফ্রান্স) এবং বুন্দেসলিগা জিতেছেন বায়ার্ন মিউনিখের কোচ টমাস টুখেল (জার্মানি)। একই মৌসুমে উয়েফা আয়োজিত চ্যাম্পিয়নস লিগ জিতেছিল গার্দিওলার সিটি, আর ইউরোপা লিগ জিতেছিল আরেক স্প্যানিশ কোচ হোসে মেন্দিলিবারের সেভিয়া।

অর্থাৎ ২০২২-২৩ মৌসুমে ইউরোপের শীর্ষস্থানীয় ৭টি ট্রফির ৪টিই জিতেছিলেন স্প্যানিশ কোচরা, ইতালিয়ানরা জিতেছে একটি। কিন্তু ২০২৩-২৪ মৌসুমে পাশার দান উল্টে দিয়েছেন ইতালির কোচরা। গত মে মাসে শেষ হওয়া পাঁচ লিগে কারা জিতেছেন, সেটি দেখে নেওয়া যাক আগে। প্রিমিয়ার লিগে ম্যানচেস্টার সিটির হয়ে গার্দিওলা (স্পেন), লা লিগায় রিয়াল মাদ্রিদের হয়ে কার্লো আনচেলত্তি (ইতালি), সিরি আ-তে ইন্টার মিলানের হয়ে সিমোন ইনজাগি (ইতালি), বুন্দেসলিগায় লেভারকুসেনের হয়ে জাবি আলোনসো (স্পেন) আর লিগ আঁ-তে পিএসজির হয়ে লুইস এনরিকে (স্পেন)। অর্থাৎ পাঁচ লিগের তিনটিতেই জিতেছে স্প্যানিশরা, দুটিতে ইতালিয়ান। কিন্তু উয়েফা আয়োজিত দুটি বড় প্রতিযোগিতা জিতে শেষ পর্যন্ত এগিয়ে ইতালির কোচরাই। কারণ আনচেলত্তির রিয়াল জিতেছে চ্যাম্পিয়নস লিগ, আর জিয়ান গাসপারিনির (ইতালি) আতালান্তা জিতেছে ইউরোপা লিগ। ২০২৩-২৪ মৌসুমে তাই স্প্যানিশ কোচদের সঙ্গে ইতালিয়ান কোচরা জিতেছেন ৪-৩ ব্যবধানে।

এবার ২০২৪-২৫ মৌসুমে কারা জিততে পারেন? গার্দিওলার সিটি ও আনচেলত্তির রিয়াল মাদ্রিদ এ বছরও লিগ এবং চ্যাম্পিয়নস লিগের অন্যতম দাবিদার। এ দুই দলের সাফল্যের ওপর স্পেন ও ইতালিয়ান কোচদের হার-জিত নির্ভর করছে অনেকটাই। তবে হিসাব-নিকাশ থেকে বাদ দেওয়া যাবে অন্য অন্যদেরও।

# টেস্ট ক্রিকেট বাঁচাতে কোটি ডলারের তহবিল গঠনের পরিকল্পনা আইসিসির




**আপনজন ডেস্ক:** টি-টোয়েন্টি ফ্র্যাঞ্চাইজি লিগগুলোয় প্রতিভাবান ক্রিকেটারদের যোগ দেওয়ার স্রোত ঠেকাতে টেস্টে ম্যাচ ফি বাড়াতে বাড়ানোর কথা ভাবছে আইসিসি। আর তাই টেস্ট ক্রিকেটের জন্য আলাদা একটি তহবিল গঠন করা হতে পারে।

অস্ট্রেলিয়ার সংবাদমাধ্যম 'সিডনি মর্নিং হেরাল্ড'-এর এক প্রতিবেদন অনুযায়ী, যেসব দেশের ক্রিকেট বোর্ড টি-টোয়েন্টি ফ্র্যাঞ্চাইজি লিগগুলোর সঙ্গে পারিশ্রমিক দেওয়ায় প্রতিদ্বন্দ্বিতায় টিকে থাকতে পারছে না, তাদের সাহায্য করতে এই তহবিল গঠন করা হবে। ওই প্রতিবেদন অনুযায়ী, এ তহবিলের মাধ্যমে টেস্টে ন্যূনতম ম্যাচ ফি হতে পারে ১০ হাজার মার্কিন ডলার (বাংলাদেশি মুদ্রায় প্রায় ১১ লাখ ৯৭ হাজার টাকা)। সেরা ক্রিকেটারদের টেস্টে ধরে রাখার লক্ষ্যে অস্ট্রেলিয়ার দেড় কোটি অস্ট্রেলিয়ান ডলার (প্রায় ১ কোটি ৮১ হাজার মার্কিন ডলার) বা এরও বেশি অর্থের তহবিল গঠনের উদ্যোগ অনুসরণ করতে পারে আইসিসি।

ক্রিকেট অস্ট্রেলিয়ার (সিএ) চেয়ারম্যান মাইক বেয়ার্ড গত জানুয়ারিতে এই তহবিল তৈরির ধারণা দেন। নিউজিল্যান্ডে গত ফেব্রুয়ারিতে অনুষ্ঠিত টেস্ট সিরিজের জন্য দক্ষিণ আফ্রিকা 'দুর্বল' দল পাঠানোর পর এই তহবিল গঠনের উদ্যোগ নেওয়া হয়।

দক্ষিণ আফ্রিকা ক্রিকেট দল যখন নিউজিল্যান্ড সফর করেছে, সে সময়েই দেশটিতে চলেছে ফ্র্যাঞ্চাইজি এসএ ২০ টুর্নামেন্ট। সেখানে শীর্ষ সারির ক্রিকেটারেরা থাকায় বাধ্য হয়েই দুর্বল স্কোয়াড নিউজিল্যান্ডে পাঠিয়েছিল দক্ষিণ আফ্রিকা। অস্ট্রেলিয়ার সাবেক অধিনায়ক স্টিভ ওয়াহ তখন সমালোচনা করে বলেছিলেন, টেস্ট ক্রিকেট নিয়ে প্রশাসকদের কোনো 'ভাবনা নেই'। ওয়াহর এই সমালোচনার পর বেয়ার্ড টেস্ট ক্রিকেটের জন্য কিছু একটা করার তাড়না অনুভব করেন। বেয়ার্ড তখন বলেছিলেন, 'জাতীয় দলকে গুরুত্ব দেওয়া হচ্ছে না, ব্যাপারটা এমন অবস্থায় চলে এলে আমাদের অনেক কিছুই করতে হবে।'

এদিকে ব্রিটিশ সংবাদমাধ্যম দ্য গার্ডিয়ান জানিয়েছে, টেস্টের জন্য বিশেষ এই তহবিল গঠনের পদক্ষেপে সমর্থন রয়েছে ক্রিকেট অস্ট্রেলিয়া (সিএ) এবং ইংল্যান্ড ও ওয়েলস ক্রিকেট বোর্ডের (ইসিবি)। আইসিসির পরবর্তী চেয়ারম্যান হওয়ার দৌড়ে এগিয়ে থাকা ভারতীয় ক্রিকেট বোর্ডের (বিসিসিআই) সচিব জয় শাহও এর আগে প্রকাশ্যে টেস্টের জন্য তহবিল গঠনের পক্ষে কথা বলেছেন। টাকাপয়সায় ধনী নয়, এমন ক্রিকেট বোর্ডগুলোর টেস্ট ম্যাচ আয়োজনের খরচ পুষিয়ে দিতে '৫০ লাখ কিংবা ১ কোটি ডলারের বেশি' অর্থের একটি তহবিল গঠনের প্রতি সমর্থন দিয়েছেন জয়। তবে সিডনি মর্নিং হেরাল্ড এর প্রতিবেদনে দাবি করা হয়েছে, এই তহবিল থেকে বিশ্বের সবচেয়ে ধনী তিনটি ক্রিকেট বোর্ডের (ইংল্যান্ড, ভারত ও অস্ট্রেলিয়া) সরাসরি উপকৃত না হওয়ার সম্ভাবনাই

# 'ভাইয়েরা, বড় ভুল হয়ে গেছে', ধোনিকে না নেওয়ার পর কার্তিক



**আপনজন ডেস্ক:** নিজের বেছে নেওয়া একটি একাদশে মহেন্দ্র সিং ধোনিকে না নিয়ে বড় ভুল করে ফেলেছেন, এমন জানিয়েছেন দীনেশ কার্তিক। ভারতের যেকোনো একাদশেই ধোনি শুধু দলে থাকবেন না, অধিনায়ক হিসেবেই থাকবেন বলে মনে করিয়ে দিয়েছেন কার্তিক। সম্প্রতি ক্রিকেটভিত্তিক ওয়েবসাইট ক্রিকবাজের এক ভিডিও অনুষ্ঠানে সব সংস্করণ মিলিয়ে ভারতের সেরা একাদশ বেছে নেন কার্তিক। সেটি ছিল এমন—বীরেন্দর শেবাগ, রোহিত শর্মা, রাহুল দ্রাবিড়, শচীন টেন্ডুলকার, বিরাট কোহলি, যুবরাজ সিং, রবীন্দ্র জাদেজা, রবিচন্দ্রন অশ্বিন, অনিল কুম্বলে, যশপ্রীত বুমরা ও জহির খান। দ্বাদশ ব্যক্তি হিসেবে কার্তিকের পছন্দ ছিল হরভজন সিং। এই একাদশে ধোনির নাম না দেখে অবাক হন অনেকেই। একসময় ভারতের উইকেট কিপিংয়ের দায়িত্ব পালন করা দ্রাবিড়কে এ ভূমিকায় বেছেছেন কার্তিক, সেটিও ধরে নেন কেউ কেউ। তবে ঘটনা যে তা নয়, সেটি পরে পরিষ্কার করেন কার্তিক। ক্রিকবাজের নতুন এক ভিডিওতে এক প্রশ্নের জবাবে কার্তিক বলেছেন, 'ভাইয়েরা, বড় একটা ভুল হয়ে গেছে। সত্যিকার অর্থেই একটা ভুল ছিল। এপিসোডটা প্রকাশ হওয়ার পর আসলে মাথায় এসেছে।' ভারতের হয়ে প্রায় ১৮ বছর ধরে ১৮০টি আন্তর্জাতিক ম্যাচ খেলা এ উইকেটকিপার বলেছেন, 'বিশ্বাস করতে পারেন, উইকেটকিপার হয়েও একজন উইকেটকিপারকে নিতে ভুলে গেছি? বড় একটা ভুল আসলে।' ধোনিকে 'সর্বকালের অন্যতম সেরা' উল্লেখ করে কার্তিক বলেছেন, আবার সুযোগ থাকলে ৭ নম্বরে ধোনি হবেন তাঁর 'স্বয়ংক্রিয় পছন্দ'। অবশ্য ঠিক কার জায়গায় ধোনিকে নিতেন, সেটি উল্লেখ করেননি তিনি। খেলার সঙ্গে ধারাভাষ্যও চালিয়ে যাওয়া কার্তিক গত জুনে সব ধরনের ক্রিকেট থেকে অবসর নিয়েছিলেন। তবে এরপর অবসর ভেঙে আবার সামনের এসএ২০-তে খেলার ঘোষণা দেন তিনি। আইপিএলের আগামী দুই মৌসুম রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরুর পরামর্শক ও ব্যাটিং কোচ হিসেবেও কাজ করার কথা আছে তাঁর।

# সত্যানন্দ শীল্ড ফুটবল টুর্নামেন্ট দুবরাজপুরে



**সেখ রিয়াজুদ্দিন ● বীরভূম**

**আপনজন ডেস্ক:** অন্যান্য বছরের মতো এবারও বীরভূম জেলার দুবরাজপুর শ্রী শ্রী রামকৃষ্ণ আশ্রমের পরিচালনায় ৬১ তম শ্রীশ্রী ঠাকুর সত্যানন্দ শীল্ড ফুটবল টুর্নামেন্টের সূচনা হয় বৃহস্পতিবার দুবরাজপুর সারদা ফুটবল ময়দানে।রাজ্যের বিভিন্ন এলাকা থেকে মোট ৮ টি দল নিয়ে এই খেলা চলবে আজছিল তার প্রথম দিন। চূড়ান্ত পর্যায়ের খেলাটি অনুষ্ঠিত হবে আগামী ১লা সেপ্টেম্বর।উল্লেখ্য ১৯৬৩ সালে স্বামী ভুপানন্দ মহারাজ তাঁর গুরুদেব ঠাকুর সত্যানন্দের নামে এই খেলার প্রচলন করেছিলেন। ফুটবলের প্রতি যুব সমাজকে আকৃষ্ট করতে পাশাপাশি মানুষের মনে আনন্দ দিতেই মূলত এই খেলার সূচনা। এদিন প্রথম গ্রাউন্ডের খেলার শুভ সূচনা করেন বরানগর শ্রীশ্রী রামকৃষ্ণ আশ্রমের সংঘপতি স্বামী গৌরানন্দজী মহারাজ।এছাড়াও উপস্থিত ছিলেন দুবরাজপুর ব্লক সমষ্টি উন্নয়ন আধিকারিক রাজা আদক, দুবরাজপুর পৌরসভার পৌরপ্রধান পীযূষ পাণ্ডে, উপ পৌরপ্রধান মির্জা সৌকত আলী, কাউন্সিলার মানিক মুখার্জি, দুবরাজপুর থানার ওসি তপাই বিশ্বাস, বিশিষ্ট আইনজীবী স্বরূপ আচার্য, দুবরাজপুর শ্রী শ্রী রামকৃষ্ণ আশ্রমের শীর্ষসেবক স্বামী সত্যশিবানন্দ মহারাজ, মহাদেবানন্দ মহারাজ, শ্রী শ্রী সারদা বিদ্যাপীঠের প্রধান শিক্ষক সুভাশিষ চট্টরাজ সহ বহু বিশিষ্ট ব্যক্তিবর্গ। প্রদীপ প্রজ্জ্বলন ও পতাকা উত্তোলনের মাধ্যমে খেলার সূচনা করা হয়। আরজি কর কান্ডে তরুণী চিকিৎসকের মৃত্যুতে শান্তি কামনা করে এক মিনিট নীরবতা পালন করা হয়। পাশাপাশি ঘটনায় জড়িত অপরাধীরা যেন শাস্তি পায় এই অঙ্গীকারও করেছি বলে জানান দুবরাজপুর শ্রী শ্রী রামকৃষ্ণ আশ্রমের শীর্ষসেবক স্বামী সত্যশিবানন্দ মহারাজ। প্রথম দিনের খেলায় বর্ধমান বিশ্ববিদ্যালয় ফুটবল দল বনাম বার্নপুর ইউনাইটেড ক্লাব মুখোমুখি হয় । টান টান উত্তেজনার মধ্য দিয়ে বার্নপুর ইউনাইটেড ক্লাব ১-০ গোলের ব্যবধানে পরাজিত করে বর্ধমান বিশ্ববিদ্যালয় ফুটবল দলকে। ফুটবল খেলা দেখতে দর্শকদের ভীড় ছিল উপচে পড়ার মতো ।

# শুরু হচ্ছে প্যারালিম্পিক্স, জোর প্রস্তুতি ভারতের প্যারা অ্যাথলিটদের



**আপনজন ডেস্ক:** সদ্য শেষ হয়েছে প্যারিস অলিম্পিক্স। এরই মধ্যে শুরু হতে চলেছে প্যারিস প্যারালিম্পিক্স। আগামী বুধবার, ২৮ অগাস্ট প্যারালিম্পিক্সের উদ্বোধন হতে চলেছে। ৮ সেপ্টেম্বর পর্যন্ত চলবে এই গেমস। প্রস্তুতির জন্য ইতিমধ্যেই প্যারিসে পৌঁছে গিয়েছেন ভারতের প্যারা অ্যাথলিটরা। প্যারিস প্যারালিম্পিক্সের যোগ্যতা অর্জন করেছেন ভারতের ৮৪ জন প্যারা অ্যাথলিট। তাঁরা ১২ টি খেলায় পদক জয়ের লক্ষ্যে লড়াই করবেন। টোকিও প্যারালিম্পিক্সে ৫ সোনা, ৮ রুপো এবং ৬ ব্রোঞ্জ পদক-সহ মোট ১৯ পদক জেতেন ভারতের প্যারা-অ্যাথলিটরা। এবার তার চেয়েও ভালো ফলের লক্ষ্যে অবনী লেখারা, সুমিত আন্টিলরা। তাঁরা প্যারিসে পৌঁছে প্যারালিম্পিক্সের জন্য প্রস্তুতি শুরু করে দিয়েছেন। গতবারের অভিজ্ঞতা কাজে লাগিয়ে এবার আরও ভালো পারফরম্যান্স দেখাতে চান ভারতের প্যারা অ্যাথলিটরা। প্যারিস অলিম্পিক্সে পদক জয়ের প্রত্যাশা পূরণ করতে পারেননি দীপিকা কুমারীরা। এখনও পর্যন্ত অলিম্পিক্সে পদক জিততে পারেননি ভারতের তীরন্দাজরা। তবে প্যারালিম্পিক্সে ভালো পারফরম্যান্স দেখিয়েছেন ভারতের তীরন্দাজরা। এবার প্যারিস অলিম্পিক্সেও পদক জয়ের লক্ষ্যে তাঁরা। স্পোর্টস অথরিটি অফ ইন্ডিয়ার (সাই) পক্ষ থেকে সোশ্যাল মিডিয়ায় এক ভিডিও শেয়ার করা হয়েছে। সেই ভিডিওতে দেখা যাচ্ছে, ফ্রান্সে কঠোর প্রস্তুতিতে ব্যস্ত ভারতের প্যারা-তীরন্দাজরা। তাঁরা খোলা মাঠে অনুশীলন চালিয়ে যাচ্ছেন। প্যারালিম্পিক্সে পদক জয়ের লক্ষ্যে তৈরি হচ্ছেন হরবিন্দর সিংরা।

# আরজি করের ঘটনার ছায়া কেরলের জাতীয় ক্যারাটে প্রতিযোগিতার আসরে

**রূপম চট্টোপাধ্যায় ● কেরল**



**আপনজন ডেস্ক:** জাতীয় ক্যারাটে প্রতিযোগিতা ' মস্কো-ফিট ৫ ' এর আসরে আওয়াজ উঠল দেশের কন্যা সন্তানদের আত্মরক্ষার জন্য গান নাচ আঁকা এসবের আগে ক্যারাটে প্রশিক্ষণ জরুরী। এই ক্যারাটে প্রতিযোগিতায় বাঙলার প্রায় ২৫ জন প্রতিযোগী বিভিন্ন বিভাগে অংশ নিয়েছিল। মঙ্গলবার রাতে তাঁরা কোলকাতায় ফিরেছে। ১৬-১৭ অগাষ্ট কেরালার তিরবনন্তপুরমের কোবালম সি বিচ লাগোয়া স্টেডিয়ামে অনুষ্ঠিত হয়েছিল এশিয়ান সিলেকশন । হাজির ছিল বাঙলা , উত্তরপ্রদেশ, কেরল , বিহার, তামিলনাডু কর্নাটক সহ বেশ কয়েকটি রাজ্যের প্রতিযোগীরা । প্রবীণ ক্যারাটে প্রশিক্ষক রানীগঞ্জের শিশির বাগ ক্ষোভের সঙ্গে জানিয়েছেন, ক্যারাটে জানা থাকলে ধর্ষণের শিকার হওয়ার আগেই আমাদের কন্যা সন্তানরা প্রাথমিক প্রতিরোধ গড়ার সুযোগ পাবে। আরজি করের ঘটনায় চরম মর্মাহত অপর কোচ বর্ধমানের মিলন বাদ্যকর জানিয়েছেন, বাঙলার প্রতিটি স্কুলে ক্যারাটে শিক্ষাকে অগ্রাধিকার দেওয়া উচিত। সরকার যখন নিরাপত্তা দিতে ব্যর্থ তখন আমাদের কন্যাদের নিজেদের সুরক্ষার ব্যবস্থা নিজেদেরই করতে হবে। এই প্রতিযোগিতায় বাঙলার সাফল্য বেশ উল্লেখযোগ্য। বিভিন্ন বিভাগে কৃতিত্ব দেখিয়েছে ঋষিতা ফরিকর, আরিয়েন ফরিকর, শুভদীপ গড়াই হেমাংশু রুইদাহ, দেবকুমার বাউরি ও রাকেশ রজক।

এই সাফল্যের জেরে ১৯ তম এশিয়ান চ্যাম্পিয়নশিপে আগামী নভেম্বরে ৮ থেকে ১০ ব্যাংককে যোগ দেবেন বাঙালা থেকে রাকেশ রজক হেভি ওয়েট ৮০ কেজি বিভাগে। দেবকুমার বাউরি অংশ নেবেন ৬০ কেজি বিভাগ। প্রতিযোগীরাও সকলেই আরজি কর হাসপাতালে ডাক্তারি পড়ুয়ার ধর্ষণ ও নৃশংস হত্যাকাণ্ডের পর মহিলাদের ক্যারাটে প্রশিক্ষণ নিয়ে সোচ্চার হয়েছেন।

# সৌদি লিগে রোনাল্ডোর '৫০'



**আপনজন ডেস্ক:** ঠিক আগের দিনই ইউটিউব চ্যানেল খুলে দ্রুততম ১০ লাখ সাবস্ক্রাইবারের রেকর্ড গড়েছিলেন। এবার মাঠে নেমে গোলের একটি মাইলফলকও ছুঁয়েছেন ক্রিস্টিয়ানো রোনাল্ডো। ৩৯ বছর বয়সী আল নাসর তারকা রোনাল্ডো সৌদি প্রো লিগে ৫০ গোলের মাইলফলক স্পর্শ করেছেন। এ নিয়ে চতুর্থ লিগে ন্যূনতম ৫০ গোল করলেন রোনাল্ডো। এর আগে ইংল্যান্ডের প্রিমিয়ার লিগ, স্পেনের লা লিগা এবং ইতালির সিরি আ-তেও একই কীর্তি গড়েছিলেন এই পর্তুগিজ তারকা। রোনাল্ডো সৌদি লিগের ৫০তম গোলটি করেছেন গতকাল রাতে আল রাদের বিপক্ষে। কিং সৌদ ইউনিভার্সিটির আল আউয়াল পার্কে অনুষ্ঠিত ম্যাচের ৩৪তম মিনিটে গোলটি করেন চমৎকার এক হেডে। ম্যাচের দ্বিতীয়ার্ধেও একবার বল জালে জড়ান রোনাল্ডো। তবে ৮৫ মিনিটের সেই গোল ভিএআর অফসাইড হিসেবে বাতিল করে দেয়। শেষ পর্যন্ত ১-১ ড্র নিয়েই মাঠ ছাড়তে হয় আল নাসরকে। এটি ছিল নতুন মৌসুমে দুই দলের প্রথম ম্যাচ।

২০২৩ সালের জানুয়ারি থেকে আল নাসরে খেলছেন রোনাল্ডো। গত দেড় বছর পূর্ণাঙ্গ মৌসুম ছিল ২০২৩-২৪, যেখানে লিগ রেকর্ড ৩৫ গোল করেছিলেন তিনি। ৬৮ বছরের পুরোনো ক্লাব আল নাসরে অবশ্য রোনাল্ডোর আগেও ৫০ গোলের মাইলফলক ছোঁয়া ফুটবলার আছেন। এই কীর্তিটা আছে মোহাম্মদ আল সাহলাবি (৭৭), আবদুল রাজ্জাক হামাদাল্লাহ (৫৬) এবং রোনাল্ডোর ব্রাজিলিয়ান সতীর্থ অ্যান্ডারসন তালিস্কার (৫০)।সৌদে লিগের ইতিহাসে দ্রুততম ৫০ গোলের মাইলফলক স্পর্শেও রোনাল্ডো প্রথম নন।










মুদ্রক, প্রকাশক ও স্বত্বাধিকারী জাইদুল হক কর্তৃক ৯৪/২ কলিন স্ট্রিট, কলকাতা-৭০০০১৬ থেকে প্রকাশিত ও সমর প্রিন্টেক, ২৯ তপসিয়া রোড সাউথ, কলকাতা-৭০০০৪৬ থেকে মুদ্রিত। **সম্পাদকীয় দফতর:** আপনজন পাবলিকেশন, ৬ কিড স্ট্রিট, কলকাতা-৭০০০১৬। সম্পাদক: **জাইদুল হক।**

Printed, Published and owned by Zaidul Haque, Published from 94/2 Collin Street, Kolkata-700016, Printed at Samar Printech, 29 Topsia Road South, Kolkata-700046. **Editorial Office:** 6 Kyd Street, Kolkata-700016. M: 9748892902 **Editor: Zaidul Haque**